रजिस्ट्री सं डी-221

Registered No. D-221
রেজিস্ট্রী নং ডি-২২১

सत्यमेव जयते

# भारत का राजपत्र
# The Gazette of India
# ভারতের গেজেট

असाधारण
EXTRAORDINARY
বিশেষ

भाग VII—अनुभाग 1
PART VII—Section 1
ভাগ ৭—অনুভাগ ১

प्राधिकार से प्रकाशित
Published by Authority
প্রাধিকারবলে প্রকাশিত

| | | |
|---|---|---|
| सं 12 | नई दिल्ली, बुधवार, अगस्त 31, 2022 | [भाद्र 9, 1944 शक |
| No. 12 | NEW DELHI, WEDNESDAY, AUGUST 31, 2022 | [BHADRA 9, 1944 (SAKAY) |
| নং 12 | নতুন দিল্লী, বুধবার, ৩১শে আগস্ট, ২০২২ | [৯ই ভাদ্র, ১৯৪৪(শক) |


## বিধি ও ন্যায় মন্ত্রণালয়
## (বিধান বিভাগ)

নতুন দিল্লী, ৭ই জুন, ২০২২/১৭ই জ্যৈষ্ঠ, ১৯৪৪(শক)

(১) দি সিগারেট্স্ অ্যান্ড আদার টোব্যাকো প্রোডাক্টস্ (প্রোহিবিশ্ন্ অফ অ্যাডভারটাইজমেন্ট অ্যান্ড রেগুলেশ্ন্ অফ ট্রেড অ্যান্ড কমার্স, প্রোডাক্শ্ন্, সাপ্লাই অ্যান্ড ডিসট্রিবিউশ্ন্) অ্যাক্ট, ২০০৩ (২০০৩-এর ৩৪),

(২) দি প্রাইভেট সিকিউরিটি এজেন্সিস (রেগুলেশন) অ্যাক্ট, ২০০৫ (২০০৫-এর ২৯),

(৩) দি প্রোটেকশন অফ্ উইমেন ফ্রম ডোমেস্টিক ভায়োলেন্স অ্যাক্ট, ২০০৫ (২০০৫-এর ৪৩),

(৪) দি ডিজাসটার ম্যানেজমেন্ট অ্যাক্ট, ২০০৫ (২০০৫-এর ৫৩)

(৫) দি পেট্রোলিয়াম অ্যান্ড ন্যাচারাল গ্যাস রেগুলেটরি বোর্ড অ্যাক্ট, ২০০৬ (২০০৬-এর ১৯),

(৬) দি শেডিউল্ড ট্রাইব্স অ্যান্ড আদার ট্রাডিশনাল ফরেস্ট ড্যুয়েলার্স্ (রিকগনিশন অফ্ ফরেস্ট রাইট্স) অ্যাক্ট, ২০০৬ (২০০৭-এর ২),-এর

বঙ্গানুবাদ এতদ্দ্বারা রাষ্ট্রপতির প্রাধিকারাধীনে প্রকাশিত হইতেছে এবং তৎসমূহ প্রাধিকৃত পাঠ (কেন্দ্রীয় বিধি) আইন, ১৯৭৩ (১৯৭৩-এর ৫০)-এর ২ ধারার (ক) প্রকরণ অনুযায়ী প্রাধিকৃত পাঠরূপে গণ্য হইবে।

**ডঃ রীটা বশিষ্ঠ**
সচিব
*বিধান বিভাগ*
*বিধি ও ন্যায় মন্ত্রণালয়*
*ভারত সরকার*

## MINISTRY OF LAW AND JUSTICE

### (Legislative Department)

New Delhi, Dated, the 7th June, 2022/ 17 Jyaistha, 1944 (Saka)

The translations in Bengali of the following, namely:

(1) The Cigarettes and Other Tobacco Products (Prohibition of Advertisement and Regulation of Trade and Commerce, Production, Supply and Distribution) Act, 2003 (34 of 2003),

(2) The Private Security Agencies (Regulation) Act, 2005 (29 of 2005),

(3) The Protection of Women from Domestic Violence Act, 2005 (43 of 2005),

(4) The Disaster Management Act, 2005 (53 of 2005),

(5) The Petroleum and Natural Gas Regulatory Board Act, 2006 (19 of 2006),

(6) The Scheduled Tribes and Other Traditional Forest Dwellers (Recognition of Forest Rights) Act, 2006 (2 of 2007),

are hereby published under the authority of the President and shall be deemed to be the authoritative texts thereof in Bengali under clause (a) of Section 2 of the Authoritative Texts (Central Laws) Act, 1973 (50 of 1973).

**Dr. Reeta Vashista**
*Secretary*
*Legislative Department*
*Ministry of Law and Justice*
*Government of India*

## পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস প্রনিয়ন্ত্রণ পর্ষদ আইন, ২০০৬

## (২০০৬-এর ১৯ নং আইন)

উপভোক্তাগণের এবং পেট্রোলিয়াম, পেট্রোলিয়ামজাত দ্রব্য ও প্রাকৃতিক গ্যাস সম্পর্কিত বিনির্দিষ্ট কার্যকলাপের সহিত যুক্ত সত্তাগণের স্বার্থ সুরক্ষিত করিবার জন্য এবং দেশের সকল প্রান্তে পেট্রোলিয়াম, পেট্রোলিয়ামজাত দ্রব্য ও প্রাকৃতিক গ্যাসের অবাধ ও পর্যাপ্ত সরবরাহ সুনিশ্চিত করিবার ও প্রতিযোগিতামূলক বাজার প্রোন্নত করিবার জন্য অশোধিত তৈল ও প্রাকৃতিক গ্যাসের উৎপাদন ব্যতীত পেট্রোলিয়াম, পেট্রোলিয়ামজাত দ্রব্য ও প্রাকৃতিক গ্যাসের শোধন, প্রক্রিয়াকরণ, ভান্ডারজাতকরণ, স্থানান্তরণ, বিতরণ, বিপণন ও বিক্রয় প্রনিয়ন্ত্রণ করণার্থ পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস প্রনিয়ন্ত্রণ পর্ষদ গঠন এবং তৎসংশ্লিষ্ট বা তদানুষঙ্গিক বিষয়সমূহের জন্য ব্যবস্থা করণার্থ আইন।

ভারত সাধারণতন্ত্রের সাতান্নতম বৎসরে সংসদ কর্তৃক নিম্নরূপে বিধিবদ্ধ হইল :—

### অধ্যায় ১

### প্রারম্ভিক

সংক্ষিপ্ত নাম, প্রসার, প্রারম্ভ ও প্রয়োগ।

১। (১) এই আইন পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস প্রনিয়ন্ত্রণ পর্ষদ আইন, ২০০৬ নামে অভিহিত হইবে।

(২) ইহা সমগ্র ভারতে প্রসারিত হইবে।

(৩) ইহা, কেন্দ্রীয় সরকার সরকারী গেজেটে, প্রজ্ঞাপন দ্বারা, যে তারিখ নির্দিষ্ট করিবেন সেই তারিখে বলবৎ হইবে :

তবে, এই আইনের ভিন্ন ভিন্ন বিধানের জন্য ভিন্ন ভিন্ন তারিখ নির্দিষ্ট করা যাইবে এবং এই আইনের প্রারম্ভে এরূপ কোন বিধানের উল্লেখ উক্ত বিধানের বলবৎকরণের উল্লেখ বলিয়া অর্থান্বয়িত হইবে।

(৪) ইহা অশোধিত তৈল ও প্রাকৃতিক গ্যাসের উৎপাদন ব্যতীত পেট্রোলিয়াম, পেট্রোলিয়ামজাত দ্রব্য ও প্রাকৃতিক গ্যাসের শোধন, প্রক্রিয়াকরণ, ভান্ডারজাতকরণ, স্থানান্তরণ, বিতরণ, বিপণনের ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

সংজ্ঞার্থ।

২। এই আইনে, প্রসঙ্গতঃ অন্যথা আবশ্যক না হইলে,—

(ক) ''সম্বদ্ধ আচরণ সংহিতা'' বলিতে ২১ ধারার (১) উপধারা অনুযায়ী প্রাকৃতিক গ্যাসের ভান্ডারজাতকরণ, প্রেরণ, বিতরণ, বিপণন ও বিক্রয় কার্যে রত সত্তাগণের নিয়ন্ত্রণকারী আচরণ সংহিতা বুঝায়;

(খ) ''আপীলী ট্রাইবিউন্যাল'' বলিতে ৩০ ধারায় উল্লিখিত আপীলী ট্রাইবিউন্যাল বুঝায় ;

(গ) ''নির্দিষ্ট দিন'' বলিতে ৩ ধারার (১) উপধারা অনুযায়ী স্থাপিত পর্ষদ বুঝায় ;

(ঘ) ''প্রাধিকৃত সত্তা'' বলিতে –

(অ) ১৫ ধারা অনুযায়ী –

(i) প্রজ্ঞাপিত পেট্রোলিয়াম, পেট্রোলিয়ামজাত দ্রব্য বা প্রাকৃতিক গ্যাস বিপণন করিতে, বা

(ii) তরলায়িত প্রাকৃতিক গ্যাস কেন্দ্র স্থাপন ও চালনা করিতে,

পর্ষদ কর্তৃক রেজিস্ট্রিকৃত, বা

(আ) ১৬ ধারা অনুযায়ী –

(i) সার্বজনীন বাহক বা সংবিদাবদ্ধ বাহক স্থাপন, নির্মাণ পরিচালন বা সম্প্রসারণ করিতে,

(ii) কোন নগর বা স্থানীয় প্রাকৃতিক গ্যাস বিতরণ নেটওয়ার্ক স্থাপন, নির্মাণ পরিচালন বা সম্প্রসারণ করিতে

পর্ষদ কর্তৃক প্রাধিকৃত;

(ঙ) "স্বতঃ তরলায়িত পেট্রোলিয়াম গ্যাস" বলিতে পেট্রোলিয়াম হইতে প্রাপ্ত কতিপয় হালকা হাইড্রোকার্বনের মিশ্রণ বুঝায় যাহা স্বাভাবিক পরিবেশগত তাপমাত্রায় ও বায়ুমণ্ডলের চাপে গ্যাসীয় অবস্থায় থাকে কিন্তু স্বাভাবিক পরিবেশগত তাপমাত্রায় পরিমিত চাপ প্রয়োগে তরল অবস্থায় ঘণীভূত হইতে পারে এবং যাহা, কেন্দ্রীয় সরকার, ভারতীয় মানক ব্যুরোর সহিত পরামর্শক্রমে, সময়ে সময়ে যেরূপ প্রজ্ঞাপিত করিবেন, যানসমূহের জ্বালানিরূপে ব্যবহৃত হইবার জন্য সেরূপ বিনির্দিষ্টকরণের অনুসারী হয়;

(চ) "পর্ষদ" বলিতে ৩ ধারার (১) উপধারা অনুযায়ী গঠিত পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস প্রনিয়ন্ত্রণ পর্ষদ বুঝায়;

(ছ) "ভারতীয় মানক ব্যুরো" বলিতে ব্যুরো অফ ইন্ডিয়ান স্ট্যান্ডার্ডস অ্যাক্ট, ১৯৮৬-র ৩ ধারা অনুযায়ী গঠিত ভারতীয় মানক ব্যুরো বুঝায় ; ১৯৮৬-র ৬৩।

(জ) "চেয়ারপার্সন" বলিতে ৪ ধারার (১) উপধারা অনুযায়ী নিযুক্ত পর্ষদের চেয়ারপার্সন বুঝায় ;

(ছ) "নগর বা স্থানীয় প্রাকৃতিক গ্যাস বিতরণ পরিকাঠামো" বলিতে উচ্চচাপযুক্ত বিপুল পরিমাণে সরবরাহের প্রধান প্রেরণকেন্দ্র হইতে মধ্যচাপযুক্ত বিতরণ গ্রিড ও পরবর্তীকালে কোন বিনির্দিষ্ট ভৌগলিক এলাকায় অবস্থিত গৃহস্থালী, শিল্প বা বাণিজ্যিক গৃহাদি পরিসরে ও সি এন জি স্টেশনে প্রেরক পাইপের সাহায্যে প্রাকৃতিক গ্যাস সরবরাহের জন্য গ্যাস পাইপলাইনের আন্তসংযুক্ত পরিকাঠামো এবং আনুষঙ্গিক যন্ত্রাংশ বুঝায়।

ব্যাখ্যা।- এই প্রকরণের প্রয়োজনে "উচ্চচাপ" ও "মধ্যচাপ" এই শব্দসমষ্টি কেন্দ্রীয় সরকার, প্রজ্ঞাপন দ্বারা, ক্ষেত্রানুযায়ী, উচ্চচাপ বা মধ্যচাপ বলিয়া যেরূপ বিনির্দিষ্ট করিবেন সেরূপ চাপকে বুঝাইবে;

(ঞ) ''সার্বজনীন বাহক'' বলিতে ২০ ধারার ৩ উপধারা অনুযায়ী পর্ষদ সময়ে সময়ে, অবৈষম্যমূলক উন্মুক্ত প্রবেশাধিকারের ভিত্তিতে যেরূপ ঘোষণা বা প্রাধিকৃত করিবেন, একাধিক সত্তা কর্তৃক পেট্রোলিয়াম, পেট্রোলিয়ামজাত দ্রব্য ও প্রাকৃতিক গ্যাস স্থানান্তরণের জন্য সেরূপ পাইপলাইন বুঝায়, কিন্তু

(i) কোন বিনির্দিষ্ট উপভোক্তাকে পেট্রোলিয়ামজাত দ্রব্য বা প্রাকৃতিক গ্যাস; বা

(ii) অশোধিত তৈল

সরবরাহের জন্য স্থাপিত পাইপলাইন অন্তর্ভুক্ত করে না।

ব্যাখ্যা।— এই প্রকরণের প্রয়োজনে, কোন সংবিদাবদ্ধ বাহক সার্বজনীন বাহক বলিয়া গণ্য হইবেন, যদি —

(i) ফার্মের সহিত যে যে চুক্তি হইয়াছে ঐরূপ সংবিদাবদ্ধ বাহকের তদপেক্ষা উদ্বৃত্ত ক্ষমতা থাকে; বা

(ii) ফার্মের সংবিদার সময়সীমা অবসিত হইয়াছে।

(ট) ''সি এন জি স্টেশন'' বলিতে গ্যাস ভরিবার স্টেশন বুঝায় যেখানে চাপবদ্ধ প্রাকৃতিক গ্যাস বিক্রয়ের জন্য এক বা একাধিক বন্টন ইউনিট ব্যবস্থিত আছে;

(ঠ) ''চাপবদ্ধ প্রাকৃতিক গ্যাস বা সি এন জি'' বলিতে যানসমূহের জ্বালানিরূপে ব্যবহৃত প্রাকৃতিক গ্যাস বুঝায় যাহা বৈশিষ্টতঃ গ্যাসীয় অবস্থায় ২০০ হইতে ২৫০ বার চাপে চাপবদ্ধ করা হয়;

(ড) ''সংবিদাবদ্ধ বাহক'' বলিতে ২০ ধারার (৩) উপধারা অনুযায়ী পর্ষদ কর্তৃক সময়ে সময়ে যেরূপ ঘোষিত বা প্রাধিকৃত হয় ফার্মের সংবিদার অনুসরণক্রমে অন্ততঃ এক বৎসরের জন্য একাধিক সত্তা কর্তৃক পেট্রোলিয়াম, পেট্রোলিয়ামজাত দ্রব্য ও প্রাকৃতিক গ্যাস স্থানান্তরণের জন্য সেরূপ পাইপলাইন বুঝায়;

(ঢ) ''ডিলার'' বলিতে কোন তৈল কোম্পানি কর্তৃক মোটর স্পিরিট, হাই স্পিড ডিজেল, সুপিরিয়র কেরোসিন তৈল, স্বতঃ-তরলায়িত পেট্রোলিয়াম গ্যাস বা প্রাকৃতিক গ্যাস ক্রয়, গ্রহণ, ভান্ডারজাতকরণ ও বিক্রয়ের জন্য নিযুক্ত কোন ব্যক্তি, ব্যক্তি পরিমেল, ফার্ম, কোম্পানি বা সমবায় সমিতি, উহা যে নামেই অভিহিত বা উল্লিখিত হউক, তাহাকে বুঝায়।

(ণ) ''পরিবেশক'' বলিতে কোন তৈল কোম্পানি কর্তৃক সিলিন্ডারবদ্ধ তরলায়িত পেট্রোলিয়াম গ্যাস ক্রয়, গ্রহণ, ভান্ডারজাতকরণ ও উপভোক্তাগণকে বিক্রয়ের জন্য নিযুক্ত কোন ব্যক্তি, ব্যক্তি পরিমেল, ফার্ম, কোম্পানি বা সমবায় সমিতি, উহা যে নামেই অভিহিত বা উল্লিখিত হউক, তাহাকে বুঝায়;

(ত) ''সত্তা'' বলিতে পেট্রোলিয়াম, পেট্রোলিয়ামজাত দ্রব্য ও প্রাকৃতিক গ্যাস স্থানান্তরণের জন্য পাইপলাইন স্থাপন বা নগর বা স্থানীয় প্রাকৃতিক গ্যাস বিতরণ পরিকাঠামো স্থাপন, নির্মাণ, চালনা ও সম্প্রসারণ বা তরলায়িত

প্রাকৃতিক গ্যাস কেন্দ্র প্রতিষ্ঠা ও চালনাসহ পেট্রোলিয়াম, পেট্রোলিয়াম জাত দ্রব্য ও প্রাকৃতিক গ্যাস শোধন, প্রক্রিয়াকরণ, ভাণ্ডারজাতকরণ, স্থানান্তরণ, পরিবেশন, বিপণন আমদানি ও রপ্তানি-কার্যে নিয়োজিত বা নিয়োজিত হইবার জন্য অভিপ্রেত ডিলার বা পরিবেশক ব্যতীত, যে কোন নামে অভিহিত বা উল্লিখিত কোন ব্যক্তি, ব্যক্তি পরিমেল, ফার্ম, কোম্পানি বা সমবায় সমিতিকে বুঝায়;

(থ) ''উৎপাদিত দ্রব্যসমূহের বিনিময়'' বলিতে সংশ্লিষ্ট সত্তাসমূহ কর্তৃক সম্পাদিত কোন চুক্তি অনুসারে পেট্রোলিয়ামজাত দ্রব্য প্রদান ও গ্রহণ বুঝায় ;

(দ) ''হাই স্পিড ডিজেল'' বলিতে কেন্দ্রীয় সরকার, ভারতীয় মানক ব্যুরোর সহিত পরামর্শক্রমে, সময়ে সময়ে যেরূপ প্রজ্ঞাপিত করিবেন, কম্প্রেশন ইগনিশন ইঞ্জিনসমূহে জ্বালানিরূপে ব্যবহারের জন্য সেরূপ বিনির্দিষ্টকরণের অনুসারী কোন হাইড্রোকার্বন তৈল (খনিজ কোলজা তৈল এবং টার্পেন্টাইন বিকল্প ব্যতীত) বুঝায়;

(ধ) ''কেরোসিন বা সুপিরিয়র কেরোসিন তৈল'' বলিতে কেন্দ্রীয় সরকার, ভারতীয় মানক ব্যুরোর সহিত পরামর্শক্রমে সময়ে সময়ে যেরূপ প্রজ্ঞাপিত করিবেন সেরূপ বিনির্দিষ্টকরণের অনুসারী হাইড্রোকার্বনসমূহের কোন মধ্যম পাতিত মিশ্রণ বুঝায়;

(ন) ''তরলায়িত প্রাকৃতিক গ্যাস টার্মিনাল'' বলিতে

(i) তরলায়িত প্রাকৃতিক গ্যাস প্রাপ্ত হইবার জন্য ;

(ii) তরলায়িত প্রাকৃতিক গ্যাস তাণ্ডারজাত করিবার জন্য ;

(iii) তরলায়িত প্রাকৃতিক গ্যাসের পুনরায় গ্যাসীকরণে সক্ষম করিবার জন্য; এবং

(iv) পুনরায় গ্যাসীকৃত তরলায়িত প্রাকৃতিক গ্যাস ঐ সুবিধাকেন্দ্রের বহিঃসীমা পর্যন্ত স্থানান্তর করিবার জন্য ;

আবশ্যক সুবিধাসমূহ ও পরিকাঠামো বুঝায়।

(প) ''তরলায়িত পেট্রোলিয়াম গ্যাস'' বলিতে প্রোপেন, আইসোবুটেন, স্বাভাবিক বুটেন, বুটাইলিন বা এরূপ অন্য উপাদান সমন্বিত হালকা হাইড্রোকার্বনের মিশ্রণ বুঝায় যাহা স্বাভাবিক পরিবেশগত তাপমাত্রায় ও বায়ুমণ্ডলের চাপে গ্যাসীয় অবস্থায় থাকে কিন্তু, চাপপ্রয়োগে স্বাভাবিক পরিবেশগত তাপমাত্রায় তরল অবস্থায় ঘনীভূত হইতে পারে, এবং যাহা কেন্দ্রীয় সরকার ভারতীয় মানক ব্যুরোর সহিত পরামর্শক্রমে সময়ে সময়ে যেরূপ প্রজ্ঞাপিত করিবেন সেরূপ বিনির্দিষ্টকরণের অনুসারী হয় ;

(ফ) ''স্থানীয় পরিবেশন সত্তা'' বলিতে ২০ ধারা অনুযায়ী, নগর বা স্থানীয় গ্যাস বিতরণ পরিকাঠামো স্থাপন, নির্মাণ, চালনা বা সম্প্রসারণ করিবার জন্য পর্যদ কর্তৃক প্রাধিকৃত কোন সত্তা বুঝায়;

(ব) ‘‘বিপণন পরিষেবাগত দায়িত্ব’’ বলিতে

(i) প্রজ্ঞাপিত পেট্রোলিয়াম ও পেট্রোলিয়ামজাত দ্রব্য সম্পর্কে দূরবর্তী এলাকায় বিপণন পরিকাঠামো ও খুচরা বিপণীসমূহ স্থাপন করিবার দায়িত্ব;

(ii) প্রজ্ঞাপিত পেট্রোলিয়াম ও পেট্রোলিয়ামজাত দ্রব্যসমূহের ন্যূনতম মজুত বজায় রাখিবার দায়িত্ব;

(iii) কোন স্থানীয় পরিবেশক সত্তার উপভোক্তাগণকে প্রাকৃতিক গ্যাস সরবরাহ করিবার দায়িত্ব; এবং

(iv) প্রনিয়মাবলীর দ্বারা যেরূপ বিনির্দিষ্ট হইবে সেরূপ অন্যান্য দায়িত্ব;

বুঝায়।

(ভ) ‘‘সর্বাধিক খুচরা মূল্য’’ বলিতে কোন সত্তা কর্তৃক স্থিরীকৃত এরূপ কোন মূল্য বুঝায় যাহাতে পেট্রোলিয়াম, পেট্রোলিয়ামজাত দ্রব্য ও প্রাকৃতিক গ্যাস খুচরা উপভোক্তাগণকে বিক্রয় করা যাইবে এবং স্থানীয় বা অন্যরূপ সকল কর, উপকর ও লেভিসমূহ এবং মাশুল বা ডিলারগণকে প্রদেয় কমিশনকে অন্তর্ভুক্ত করে।

(ম) ‘‘সদস্য’’ বলিতে ৪ ধারার (৯) উপধারা অনুযায়ী নিযুক্ত পর্ষদের কোন সদস্য বুঝায় এবং সদস্য (বৈধিক) ও চেয়ারপার্সনকে অন্তর্ভুক্ত করে।

(য) ‘‘মোটর স্পিরিট’’ বলিতে কেন্দ্রীয় সরকার, ভারতীয় মানক ব্যুরোর সহিত পরামর্শক্রমে, সময়ে সময়ে যেরূপ প্রজ্ঞাপিত করিবেন স্পার্ক ইগ্‌নিশন ইঞ্জিনে জ্বালানিরূপে ব্যবহারের জন্য সেরূপ বিনির্দিষ্টিকরণের অনুসারী কোন হাইড্রোকার্বন তৈল (অশোধিত খনিজ তৈল ব্যতীত) বুঝায়।

(যক) ‘‘প্রাকৃতিক গ্যাস’’ বলিতে খননকৃত গর্ত হইতে প্রাপ্ত এবং মুখ্যতঃ হাইড্রোকার্বন উপাদান বিশিষ্ট গ্যাস বুঝায়; এবং

(i) তরল অবস্থায় গ্যাস, যথা, তরলায়িত প্রাকৃতিক গ্যাস এবং পুনরায় গ্যাসীকৃত তরলায়িত প্রাকৃতিক গ্যাস,

(ii) চাপবদ্ধ প্রাকৃতিক গ্যাস,

(iii) সি. এন. জি. বা তরলায়িত প্রাকৃতিক গ্যাস সহ দেশান্তরের পাইপলাইনের মাধ্যমে আমদানিকৃত গ্যাস;

(iv) গ্যাস হাইড্রেটসমূহ হইতে প্রাকৃতিক গ্যাসরূপে প্রাপ্ত গ্যাস ;

(v) কয়লা-স্তর হইতে প্রাপ্ত মিথেন যথা কয়লা-স্তর মিথেন, কে অন্তর্ভুক্ত করে,

কিন্তু এইরূপ হাইড্রোকার্বনসমূহের সহিত সংযোগ হইতে উদ্ভূত হিলিয়ামকে অন্তর্ভুক্ত করে না।

(যখ) ''প্রজ্ঞাপন" বলিতে সরকারী গেজেটে প্রকাশিত প্রজ্ঞাপন বুঝায় এবং "প্রজ্ঞাপিত" কথাটি উহার সমোদ্ভব অর্থসমূহ ও ব্যাকরণগত রূপান্তরসমূহ সহ, তদনুসারে অর্থান্বয়িত হইবে;

(যগ) "প্রজ্ঞাপিত পেট্রোলিয়াম, পেট্রোলিয়ামজাত দ্রব্য ও প্রাকৃতিক গ্যাস" বলিতে এরূপ পেট্রোলিয়াম, পেট্রোলিয়ামজাত দ্রব্য ও প্রাকৃতিক গ্যাস বুঝায় যেরূপ কেন্দ্রীয় সরকার, উহাদের সরবরাহ বজায় রাখা বা বৃদ্ধি করা বা উহাদের ন্যায্য বন্টনের সুব্যবস্থা বা পর্যাপ্ত লভ্যতা সুনিশ্চিত করা সঙ্গত বলিয়া উহার প্রতীতি হইবার পর, সময়ে সময়ে, প্রজ্ঞাপিত করিবেন;

(যঘ) 'তৈল কোম্পানি" বলিতে কোম্পানিজ অ্যাক্ট, ১৯৫৬ অনুযায়ী রেজিস্ট্রিকৃত কোন কোম্পানিকে বুঝায় এবং পেট্রোলিয়াম, পেট্রোলিয়ামজাত দ্রব্য ও প্রাকৃতিক গ্যাস সম্পর্কিত কার্যকলাপ চালাইয়া যাইবার জন্য ব্যক্তিগণের পরিমেল, সমিতি বা ফার্ম উহা যে নামেই অভিহিত বা উল্লিখিত হউক, তাহাকে অন্তর্ভুক্ত করে ; ১৯৫৬ - র ১।

(যঙ) "পেট্রোলিয়াম" বলিতে কোন তরল হাইড্রোকার্বন বা হাইড্রোকার্বনের মিশ্রণ এবং অশোধিত তৈল ও তরলায়িত পেট্রোলিয়াম গ্যাস সহ কোন তরল হাইড্রোকার্বন উপাদান বিশিষ্ট কোন জ্বলনশীল মিশ্রণ (তরল, আঠাল বা কঠিন) বুঝায় এবং 'পেট্রোলিয়ামজাত পদার্থ' কথাটি পেট্রোলিয়াম হইতে প্রস্তুত কোন দ্রব্য বুঝায় ;

(যচ) "পাইপলাইন অভিগম্যতা কোড" বলিতে ১১ ধারার (ঙ) প্রকরণের (i) উপধারা অনুযায়ী পাইপলাইনে তৃতীয় পক্ষের অভিগম্যতার জন্য ফ্রেমওয়ার্ক স্থাপনের কোড বুঝায় ;

(যছ) "বিহিত" বলিতে এই আইন অনুযায়ী কেন্দ্রীয় সরকার কর্তৃক প্রণীত নিয়মাবলীর দ্বারা বিহিত বুঝায় ;

(যজ) "প্রনিয়মাবলী" বলিতে এই আইন অনুযায়ী পর্ষদ কর্তৃক প্রণীত প্রনিয়মাবলী বুঝায়;

(যঝ) "বাধানিষেধমূলক কারবার রীতি" বলিতে, এরূপ কোন কারবার রীতি বুঝায় যে রীতির কোন প্রকারের প্রতিযোগিতা প্রতিরোধ, বিকৃতকরণ বা বাধানিষেধ আরোপ করিবার ক্ষেত্রে প্রভাব রহিয়াছে বা থাকিতে পারে এবং বিশেষতঃ,–

(i) যাহা উৎপাদনের ধারায় মূলধন বা অর্থ সংস্থানের সরবরাহ ব্যাহত করিতে সহায়ক হয়, বা

(ii) যাহা পেট্রোলিয়াম, পেট্রোলিয়ামজাত বা প্রাকৃতিক গ্যাস বা পরিষেবা সম্পর্কিত মূল্যের কারচুপি বা অর্পণের শর্তাবলী সংঘটিত করে বা বাজারে সরবরাহের যোগান এরূপ প্রণালীতে প্রভাবিত করে যাহাতে উপভোক্তাগণের উপর অন্যায্য খরচ বা বাধানিষেধ আরোপিত হয়;

(যঞ) ''খুচরা বিক্রয়কেন্দ্র'' বলিতে পূরণ কেন্দ্র বুঝায় যেখানে মোটর স্পিরিট, হাই স্পিড ডিজেল, স্বতঃ-তরলায়িত পেট্রোলিয়াম গ্যাস বা প্রাকৃতিক গ্যাসের বিক্রয়ের জন্য এক বা একাধিক প্রদানকারী পাম্প ব্যবস্থিত হইয়াছে এবং তরলায়িত পেট্রোলিয়াম গ্যাসের পরিবেশনকারী বা সুপিরিয়র কেরোসিন তৈলের ডিলারশিপ বা সি এন জি কেন্দ্রকে অন্তর্ভুক্ত করে;

(যট) ''খুচরা পরিষেবা দায়িত্বসমূহ'' বলিতে উপভোক্তাগণকে বিনির্দিষ্ট কার্যের সময় ব্যাপিয়া বিনির্দিষ্ট গুণমানে, পরিমাণে সরবরাহ বজায় রাখিবার এবং সি এন জি সহ প্রজ্ঞাপিত পেট্রোলিয়াম, পেট্রোলিয়ামজাত দ্রব্য ও প্রাকৃতিক গ্যাসের সর্বাধিক খুচরা মূল্য প্রদর্শনে ডিলার ও পরিবেশকগণের দায়িত্বসমূহ এবং নিয়মাবলীর দ্বারা যেরূপ বিনির্দিষ্ট হইবে সেরূপ অপর দায়িত্বসমূহ বুঝায় ;

(যঠ) ''নিয়মাবলী'' বলিতে এই আইন অনুযায়ী কেন্দ্রীয় সরকার কর্তৃক প্রণীত নিয়মাবলী বুঝায় ;

(যড) ''সচিব'' বলিতে পর্ষদের সচিবকে বুঝায় ;

(যঢ) সার্বজনীন বাহক বা সংবিদাবদ্ধ বাহক বা নগর বা স্থানীয় প্রাকৃতিক গ্যাস বিতরণ পরিকাঠামো সম্পর্কে ''স্থানান্তরণ হার'' বলিতে নিয়মাবলীর দ্বারা যেরূপ স্থিরীকৃত হইবে পেট্রোলিয়াম, পেট্রোলিয়ামজাত দ্রব্য বা প্রাকৃতিক গ্যাসের প্রত্যেক ইউনিট স্থানান্তর করিবার জন্য সেরূপ হার বুঝায়।

## অধ্যায় ২

### পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস প্রনিয়ন্ত্রণ পর্ষদ

পর্ষদ স্থাপন ও নিগমবদ্ধকরণ।

৩। (১) এই আইনের প্রয়োজনে, কেন্দ্রীয় সরকার, প্রজ্ঞাপন দ্বারা, যে তারিখ নির্দিষ্ট করিবেন সেই তারিখ হইতে কার্যকারিতা সহ, পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস প্রনিয়ন্ত্রণ পর্ষদ নামে একটি পর্ষদ স্থাপিত হইবে।

(২) পর্ষদ পূর্বোক্ত নামে একটি নিগমিত সংস্থা হইবে যাহার নিরবচ্ছিন্ন উত্তরানুক্রম ও সাধারণ সীলমোহর থাকিবে, তৎসহ এই আইনের বিধানসমূহ সাপেক্ষে, স্থাবর ও অস্থাবর উভয় প্রকারের সম্পত্তি অর্জন, ধারণ ও বিলিব্যবস্থা করিবার এবং সংবিদা করিবার ক্ষমতা থাকিবে এবং উক্ত নামে মকদ্দমা করিতে পারিবে বা উহার বিরুদ্ধে মকদ্দমা আনয়ন করা যাইবে।

(৩) পর্ষদ কেন্দ্রীয় সরকার কর্তৃক নিযুক্ত একজন চেয়ারপার্সন, একজন সদস্য (বৈধিক) ও অপর তিনজন সদস্য লইয়া গঠিত হইবে।

(৪) পর্ষদের প্রধান কার্যালয় নূতন দিল্লিতে এবং জনস্বার্থ ও কার্যের পরিমাণ বিবেচনা করিয়া পর্ষদ যেরূপ আবশ্যক গণ্য করিবেন সেরূপ স্থানসমূহে আঞ্চলিক কার্যালয়সমূহ থাকিবে।

চেয়ারপার্সন ও অপর সদস্যগণের নিয়োগের যোগ্যতাসমূহ।

৪। (১) কেন্দ্রীয় সরকার পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস শিল্প, পরিচালন বিদ্যা, অর্থ, বিধি, প্রশাসন বা উপভোক্তা বিষয়ক ক্ষেত্রসমূহের বিশিষ্ট ব্যক্তিগণের মধ্য হইতে পর্ষদের চেয়ারপার্সন ও অন্য সদস্যগণকে নিযুক্ত করিবেন:

তবে, কোনও ব্যক্তি –

(ক) উচ্চ আদালতের বিচারপতি হবার যোগ্য না হইলে ; বা

(খ) ভারতীয় বৈধিক কৃত্যকের সদস্য এবং অন্তত তিন বৎসর উক্ত কৃত্যকের পর্যায় ১ ভুক্ত কোন পদে অধিষ্ঠিত না থাকিলে;

সদস্য (বৈধিক) রূপে নিযুক্ত হইবেন না।

(২) কেন্দ্রীয় সরকার, চেয়ারপার্সন ও পর্ষদের অপর সদস্যগণকে বাছাই করিবার উদ্দেশ্যে এবং আপীলী ট্রাইবিউন্যালের প্রায়োগিক সদস্য (পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস) নিয়োগের জন্য বিবেচনার উদ্দেশ্যে ব্যক্তিগণের নাম তালিকা প্রস্তুত করিবার জন্য নিম্নলিখিত ব্যক্তিগণকে লইয়া একটি সন্ধানী কমিটি গঠন করিবেন –

(i) শক্তিক্ষেত্রের ভারপ্রাপ্ত সদস্য, পরিকল্পনা কমিশন - চেয়ারপার্সন ;

(ii) ভারত সরকারের সচিব, পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস মন্ত্রক - সদস্য;

(iii) ভারত সরকারের সচিব, বিত্ত মন্ত্রক, অর্থনীতি বিষয়ক বিভাগ -সদস্য ;

(iv) বাণিজ্য বিষয়ে ভারপ্রাপ্ত ভারত সরকারের সচিব, বাণিজ্য ও শিল্প মন্ত্রক - সদস্য; এবং

(v) ভারত সরকারের সচিব, বৈধিক বিষয়ক বিভাগ, বিধি ও ন্যায়বিচার মন্ত্রক - সদস্য।

চেয়ারপার্সন ও অন্য সদস্যগণের পদের মেয়াদ, চাকরির শর্তাবলী ইত্যাদি।

৫। (১) কোন ব্যক্তিকে চেয়ারপার্সন বা অপর সদস্যরূপে নিয়োগ করিবার পূর্বে, কেন্দ্রীয় সরকার স্বয়ং এই মর্মে সন্তুষ্ট হইবেন যে, ঐরূপ ব্যক্তির এরূপ কোন আর্থিক বা অন্য স্বার্থ নাই যাহা চেয়ারপার্সন বা ঐরূপ অপর সদস্যরূপে তাহার কৃত্যসমূহকে হানিকররূপে প্রভাবিত করিতে পারে।

(২) চেয়ারপার্সন ও অপর সদস্যগণ যে তারিখে পদে অধিষ্ঠিত হন সেই তারিখ হইতে পাঁচ বৎসর মেয়াদের সময়সীমার জন্য বা তাঁহারা পঁয়ষট্টি বৎসর বয়ঃপ্রাপ্ত না হওয়া পর্যন্ত, এতদুভয়ের মধ্যে যাহা পূর্ববর্তী হইবে, ততদিন পর্যন্ত পদে অধিষ্ঠিত থাকিবেন :

তবে, চেয়ারপার্সন ও অপর সদস্যগণ পুনর্নিযুক্তির জন্য যোগ্য হইবেন না।

ব্যাখ্যা। — এই ধারার প্রয়োজনে, কোন সদস্যের চেয়ারপার্সনরূপে নিযুক্তি পুনর্নিযুক্তি বলিয়া গণ্য হইবে না।

(৩) কেন্দ্রীয় সরকার, কোন রাজ্য সরকার বা কেন্দ্রীয় সরকার বা রাজ্য সরকারের মালিকানাধীন বা নিয়ন্ত্রিত কোন অধিগৃহীত সংস্থা, নিগম বা কোম্পানি বা অন্য কোন বেসরকারী বা নিগমিত সংস্থায় চাকরিতে রত কোন ব্যক্তিকে, ক্ষেত্রানুযায়ী, চেয়ারপার্সন বা অপর সদস্যরূপে কার্যে যোগদানের পূর্বে, ঐরূপ চাকরি হইতে পদত্যাগ বা অবসর গ্রহণ করিতে হইবে।

(৪) চেয়ারপার্সন ও অপর সদস্যগণকে প্রদেয় বেতন ও ভাতাসমূহ এবং চাকরির অন্য শর্ত ও কড়ারসমূহ, যেরূপ বিহিত হইবে, সেরূপ হইবে :

তবে, চেয়ারপার্সন ও অপর সদস্যগণের বেতন ও ভাতাসমূহ বা চাকরির অন্য শর্ত ও কড়ারসমূহ নিযুক্তির পর তাঁহার পক্ষে অসুবিধাজনক হয় এরূপে পরিবর্তিত হইবে না।

(৫) চেয়ারপার্সন বা অপর সদস্য কেন্দ্রীয় সরকারকে লিখিত নোটিশ প্রদান করিয়া তাঁহার পদ ত্যাগ করিতে পারিবেন, এবং ঐরূপ পদত্যাগ গৃহীত হইলে, চেয়ারপার্সন বা ঐরূপ অপর সদস্য তাঁহার পদ শূন্য করিয়াছেন বলিয়া গণ্য হইবে।

(৬) চেয়ারপার্সন বা অপর কোন সদস্য, ঐরূপে পদে আর অধিষ্ঠিত না থাকিলে, -

(ক) কেন্দ্রীয় সরকারে বা কোন রাজ্য সরকারে পুনরায় নিয়োজনের ক্ষেত্রে নির্যোগ্য হইবেন; এবং

(খ) যে তারিখে ঐ পদে আর অধিষ্ঠিত থাকিবেন না সেই তারিখ হইতে দুই বৎসর সময়সীমার জন্য কোন বাণিজ্যিক নিয়োজন গ্রহণ করিবেন না।

ব্যাখ্যা।— এই ধারার প্রয়োজনে, ''বাণিজ্যিক নিয়োজন'' বলিতে কারবার, বাণিজ্যিক, শিল্প বা আর্থিক ব্যবসায় কোন ক্ষেত্রে রত কোন ব্যক্তি বা এজেন্সির অধীনে নিয়োজন বুঝায় এবং কোন কোম্পানির অধিকর্তা বা ফার্মের অংশীদার বা এককভাবে বা ফার্মের অংশীদাররূপে বা উপদেষ্টা বা পরামর্শ প্রদান কার্যে রত ব্যক্তিকে অন্তর্ভুক্ত করে।

চেয়ারপার্সনের ক্ষমতা।

৬। চেয়ারপার্সনের পর্ষদের কার্যপরিচালনার বিষয়ে সাধারণ অধীক্ষণ ও নির্দেশ প্রদানের ক্ষমতা থাকিবে এবং পর্ষদের সভায় সভাপতিত্ব করিবার অতিরিক্তরূপে পর্ষদ কর্তৃক তাঁহাকে যেরূপ সমনুদেশিত করা হইবে সেরূপ অপর ক্ষমতাসমূহ প্রয়োগ ও কৃত্যসমূহ সম্পাদন করিবেন।

চেয়ারপার্সন বা অপর কোন সদস্যের পদ হইতে অপসারণ।

৭। কেন্দ্রীয় সরকার চেয়ারপার্সন বা কোন সদস্যকে পদ হইতে অপসারিত করিতে পারেন, যিনি -

(ক) দেউলিয়ারূপে বিচারনির্ণীত হইয়াছেন; বা

(খ) যে অপরাধে দোষসিদ্ধ হইয়াছেন তাহা, কেন্দ্রীয় সরকারের অভিমতে, নৈতিক দুশ্চারিত্রের সহিত জড়িত; বা

(গ) সদস্যরূপে কার্য করিবার জন্য শারীরিক বা মানসিকভাবে অক্ষম হইয়াছেন; বা

(ঘ) এরূপ আর্থিক বা অন্য স্বার্থ অর্জন করিয়াছেন যাহা সদস্যরূপে তাঁহার কৃত্যসমূহকে হানিকরভাবে প্রভাবিত করিবার সম্ভাবনাপূর্ণ ; বা

(ঙ) তাঁহার পদের এরূপ অপব্যবহার করিয়াছেন যাহাতে তাঁহার পদে অধিষ্ঠিত রহিয়া যাওয়া জনস্বার্থ ক্ষুণ্ণ করিতে পারে :

তবে (ঘ) প্রকরণ বা (ঙ) প্রকরণ অনুযায়ী কোন চেয়ারপার্সন বা অপর কোন সদস্যকে তাঁহার পদ হইতে ততক্ষণ অপসারিত করা যাইবে না যতক্ষণ না কেন্দ্রীয় সরকারের, অনুসন্ধানের উদ্দেশ্যে নিযুক্ত ব্যক্তি বা গঠিত প্রাধিকার কর্তৃক এবং এতৎপক্ষে যেরূপ বিহিত হইবে সেরূপ

প্রক্রিয়া অনুসারে কৃত অনুসন্ধানের পর এরূপ প্রতীতি হয় যে, ঐরূপ ব্যক্তিকে ঐরূপ কারণ বা কারণসমূহের জন্য অপসারণ করা উচিত।

পর্ষদের সভাসমূহ।

৮। (১) পর্ষদ, প্রনিয়মাবলীর দ্বারা যেরূপ বিহিত হইবে সেরূপ সময়ে ও স্থানে সভা করিবেন এবং উহার সভাসমূহে (ঐরূপ সভাসমূহে কোরাম সহ) কার্য পরিচালনা সংক্রান্ত সেরূপ প্রক্রিয়া অনুসরণ করিবেন।

(২) চেয়ারপার্সন বা, যদি তিনি পর্ষদের কোন সভায় উপস্থিত হইতে অক্ষম হন তাহাহইলে পর্ষদে নিযুক্তির তারিখ হইতে গণনা করিয়া যে ব্যক্তি জ্যেষ্ঠতম সদস্যরূপে উপস্থিত তিনি সভায় সভাপতিত্ব করিবেন :

তবে সদস্যগণের নিযুক্তির তারিখ একই হইবার ক্ষেত্রে, বয়ঃজ্যেষ্ঠ সদস্য অপর সদস্যগণের তুলনায় জ্যেষ্ঠ বলিয়া গণ্য হইবেন।

(৩) পর্ষদের কোন সভার সমক্ষে যে সকল প্রশ্ন উত্থাপিত হইবে সেগুলি উপস্থিত ও ভোটদানকারী সদস্যের সংখ্যাগরিষ্ঠের দ্বারা স্থির হইবে, এবং ভোট সমান হইবার ক্ষেত্রে, চেয়ারপার্সন বা তাঁহার অনুপস্থিতিতে, সভাপতিত্বকারী ব্যক্তির দ্বিতীয় বা নির্ণায়ক ভোট থাকিবে।

(৪) পর্ষদের সকল আদেশ বা সিদ্ধান্ত পর্ষদের সচিব বা, চেয়ারপার্সন কর্তৃক এতৎপক্ষে প্রাধিকৃত অপর কোন আধিকারিক কর্তৃক, প্রমাণীকৃত হইবে।

শূন্যতাসমূহ ইত্যাদি পর্ষদের কার্যবাহসমূহ অবৈধ করিবে না।

৯। পর্ষদের কোন কার্য বা কার্যবাহ -

(ক) পর্ষদে কোন শূন্যতা বা উহার গঠনে কোন ত্রুটি; বা

(খ) পর্ষদের সদস্যরূপে কর্মরত কোন ব্যক্তির নিয়োগে কোন ত্রুটি ; বা

(গ) পর্ষদের প্রক্রিয়ায় যে নিয়ম বিষয়ের গুণাগুণকে প্রভাবিত করে না;

কেবল এই কারণে অবৈধ হইবে না।

পর্ষদের আধিকারিকগণ ও অন্যান্য কর্মী।

১০।(১) কেন্দ্রীয় সরকার, পর্ষদের সহিত পরামর্শক্রমে, প্রনিয়মাবলীর দ্বারা যেরূপ বিনির্দিষ্ট হইবে চেয়ারপার্সনের নিয়ন্ত্রণাধীনে সেরূপ ক্ষমতাসমূহ প্রয়োগ ও কর্তব্যসমূহ সম্পাদনের জন্য, একজন সচিব নিয়োগ করিবেন :

তবে, পর্ষদের প্রথম সচিব নিযুক্তির জন্য এরূপ কোন পরামর্শ আবশ্যক হইবে না।

(২) পর্ষদ, কেন্দ্রীয় সরকারের অনুমোদন সহ, পর্ষদকে, উহার কৃত্যসমূহ কার্যকরভাবে সম্পাদনে সহায়তা করিতে আবশ্যক অন্য আধিকারিক ও কর্মিগণের সংখ্যা, প্রকৃতি ও প্রবর্গ নির্ধারণ করিবেন।

(৩) পর্ষদের সচিব, অন্য আধিকারিকগণ ও কর্মিগণকে প্রদেয় বেতন ও ভাতাসমূহ এবং চাকরির অন্য শর্ত ও কড়ারসমূহ, যেরূপ বিহিত হইবে, সেরূপ হইবে।

(৪) পর্ষদ প্রনিয়মাবলীর দ্বারা যেরূপ নির্ধারিত হইবে সেরূপ শর্ত ও কড়ারসমূহ অনুযায়ী উহার কৃত্যসমূহ সম্পাদনে সহায়তা করিবার জন্য আবশ্যক পরামর্শদাতা নিয়োগ করিতে পারিবেন।

## অধ্যায় ৩

## পর্ষদের কৃত্যমূহ ও ক্ষমতাসমূহ

পর্ষদের কৃত্যসমূহ। ১১। পর্ষদ —

(ক) ন্যায্য ব্যবসায় এবং সত্তাগণের মধ্যে প্রতিযোগিতায় উৎসাহদানের দ্বারা উপভোক্তাগণের স্বার্থরক্ষা করিবেন;

(খ) সত্তাগণকে-

(i) পেট্রোলিয়াম ও পেট্রোলিয়ামজাত দ্রব্য এবং কেন্দ্রীয় সরকারের সংবিদাগত দায়িত্ব সাপেক্ষে, প্রাকৃতিক গ্যাস বিপণন করিবার জন্য;

(ii) তরলায়িত প্রাকৃতিক গ্যাস টার্মিনাল স্থাপন ও চালনা করিবার জন্য;

(iii) প্রনিয়মাবলীর দ্বারা যেরূপ বিনির্দিষ্ট হইবে সেরূপ ক্ষমতার অতিরিক্ত পরিমাণে পেট্রোলিয়াম, পেট্রোলিয়ামজাত দ্রব্য বা প্রাকৃতিক গ্যাস মজুত করিবার সুবিধাসমূহ স্থাপন করিবার জন্য

রেজিস্ট্রিকৃত করিবেন;

(গ) সত্তাগণকে

(i) কোন সার্বজনীন বাহক বা সংবিদাবদ্ধ বাহক স্থাপন, নির্মাণ, চালনা বা সম্প্রসারণ করিতে ;

(ii) নগর বা স্থানীয় প্রাকৃতিক গ্যাস বিতরণ পরিকাঠামো স্থাপন, নির্মাণ, চালনা বা সম্প্রসারণ করিতে প্রাধিকৃত করিবেন;

(ঘ) পাইপলাইনসমূহকে সার্বজনীন বাহক বা সংবিদাবদ্ধ বাহকরূপে ঘোষণা করিবেন।

(ঙ) প্রনিয়মাবলীর দ্বারা,

(i) সাধারণ বাহক বা সংবিদাবদ্ধ বাহকের নিকট অভিগম্যতা প্রনিয়ন্ত্রণ করিবেন যাহাতে ন্যায্য ব্যবসায় ও সত্তাগণের মধ্যে প্রতিযোগিতা সুনিশ্চিত করা যায় এবং তদুদ্দেশ্যে পাইপলাইন অভিগম্যতা কোড বিনির্দিষ্ট করিবেন;

(ii) সার্বজনীন বাহক বা সংবিদাবদ্ধ বাহকগণের মাধ্যমে স্থানান্তরণ হার প্রনিয়ন্ত্রণ করিবেন;

(iii) নগর বা স্থানীয় গ্যাস বিতরণ পরিকাঠামো অভিগম্যতার প্রনিয়ন্ত্রণ করিবেন যাহাতে পাইপলাইন অভিগম্যতা কোড অনুযায়ী ন্যায্য ব্যবসায় ও সত্তাগণের মধ্যে প্রতিযোগিতা সুনিশ্চিত করা যায়;

(চ) প্রজ্ঞাপিত পেট্রোলিয়াম, পেট্রোলিয়ামজাত দ্রব্য ও প্রাকৃতিক গ্যাস সম্পর্কে–

(i) পর্যাপ্ত প্রাপ্তিসাধ্যতা সুনিশ্চিত করিবেন ;

(ii) খুচরা বিক্রয়কেন্দ্রে উপভোক্তাগণের জন্য সত্তাগণ কর্তৃক সর্বাধিক খুচরা বিক্রয়মূল্য বিষয়ে তথ্য প্রদর্শন সুনিশ্চিত করিবেন;

(iii) মূল্যসমূহে নজরদারি করিবেন ও সত্তাগণ কর্তৃক বাধানিষেধমূলক ব্যবসায় রীতি প্রতিরোধে ত্রুটিমুক্তির ব্যবস্থা গ্রহণ করিবেন;

(iv) পেট্রোলিয়াম ও পেট্রোলিয়ামজাত দ্রব্যসমূহের ন্যায়সঙ্গত বিতরণ সুনিশ্চিত করিবেন;

(v) প্রনিয়মাবলীর দ্বারা খুচরা বিক্রয়কেন্দ্রসমূহের জন্য খুচরা পরিষেবার এবং সত্তাগণের জন্য বিপণন পরিষেবার দায়িত্বসমূহ বিহিত ও বাধ্যকর করিবেন;

(vi) সত্তাগণ কর্তৃক বাধানিষেধমূলক ব্যবসায় রীতি প্রতিরোধে স্থানান্তরণ হারের উপর নজরদারি করিবেন এবং ত্রুটিমুক্তির ব্যবস্থা গ্রহণ করিবেন;

(ছ) প্রনিয়মাবলীর দ্বারা যেরূপ নির্ধারিত হইবে সেরূপ ফিসমূহ ও অপর প্রভারসমূহ উদগ্রহণ করিবেন ;

(জ) পেট্রোলিয়াম, পেট্রোলিয়ামজাত দ্রব্য ও প্রাকৃতিক গ্যাস সম্পর্কিত কার্যকলাপের তথ্যের উপাত্ত-ভাণ্ডার রাখিবেন ;

(ঝ) পেট্রোলিয়াম, পেট্রোলিয়ামজাত দ্রব্য ও প্রাকৃতিক গ্যাস সম্পর্কিত কার্যকলাপের নিরাপত্তা মান তৎসহ, অনুসারী পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস ক্ষেত্র সম্পর্কিত পাইপলাইন ও পরিকাঠামো প্রকল্প নির্মাণ ও পরিচালনা সমেত প্রায়োগিক মান ও বিনির্দিষ্টকরণ, প্রনিয়মাবলীর দ্বারা লিপিবদ্ধ করিবেন;

(ঞ) এই আইনের বিধানসমূহকে কার্যে পরিণত করিতে কেন্দ্রীয় সরকার কর্তৃক উহাকে যেরূপ ন্যস্ত করা হইবে সেরূপ অপর কৃত্যসমূহ সম্পাদন করিবেন।

অভিযোগসমূহ সংক্রান্ত ক্ষমতা এবং পর্যদ কর্তৃক বিবাদের সমাধান।

১২। (১) পর্যদের —

(ক) পক্ষগণ সালিশের জন্য সম্মত না হইয়া থাকিলে অধ্যায় ৫ এর বিধানসমূহ অনুসারে পেট্রোলিয়াম, পেট্রোলিয়ামজাত দ্রব্য ও প্রাকৃতিক গ্যাসের শোধন, প্রক্রিয়াকরণ, ভান্ডারজাতকরণ, স্থানান্তরণ, বিতরণ, বিপণন ও বিক্রয় সম্পর্কিত বিষয়ে সত্তাগণের মধ্যে বা কোন সত্তা ও অপর কোন ব্যক্তির মধ্যে বিবাদের বিচার - নির্ণয় করিবার ও সিদ্ধান্ত গ্রহণ করিবার ক্ষেত্রাধিকার থাকিবে ;

(খ) (i) খুচরা পরিষেবা দায়িত্বসমূহ

(ii) বিপণন পরিষেবা দায়িত্বসমূহ

(iii) খুচরা বিক্রয়কেন্দ্রসমূহে খুচরা মূল্য প্রদর্শন ;

(iv) যে শর্ত ও কড়ারসমূহ সাপেক্ষে কোন পাইপলাইন সার্বজনীন বাহক বা সংবিদাবদ্ধ বাহকরূপে ঘোষিত হইয়াছে বা অপর সত্তাগণকে নগর বা স্থানীয় প্রাকৃতিক গ্যাস বিতরণ পরিকাঠামোয় অভিগম্যতার অনুমতি প্রদান করা হইয়াছে বা কোন সত্তাকে সার্বজনীন বাহক বা সংবিদাবদ্ধ বাহকরূপে পাইপলাইন স্থাপন, নির্মাণ, সম্প্রসারণ বা চালনার জন্য প্রাধিকার মঞ্জুর করা হইয়াছে বা কোন সত্তাকে নগর বা স্থানীয় প্রাকৃতিক

গ্যাস বিতরণ পরিকাঠামো স্থাপন, নির্মাণ, সম্প্রসারণ বা চালনার জন্য প্রাধিকার মঞ্জুর করা হইয়াছে ;

(v) এই আইনের অন্য কোন বিধান বা তদধীনে প্রণীত কোন নিয়ম বা প্রনিয়ম বা আদেশ,

উল্লঙ্ঘনের জন্য কোন ব্যক্তির নিকট হইতে পেট্রোলিয়াম, পেট্রোলিয়ামজাত দ্রব্য ও প্রাকৃতিক গ্যাস সম্পর্কিত কার্যকলাপের সহিত জড়িত অভিযোগ গ্রহণ করিবার এবং অনুসন্ধান ও তদন্ত চালাইবার ক্ষেত্রাধিকার থাকিবে।

(২) (১) উপধারা অনুযায়ী অভিযোগ সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণ করিবার সময়, পর্ষদ যেরূপ উপযুক্ত গণ্য করিবেন, সেরূপ আদেশ প্রদান করিবেন ও সেরূপ নির্দেশ জারি করিবেন বা ৫ অধ্যায়ের বিধানসমূহ অনুসারে তদন্তের জন্য প্রেরণ করিবেন।

পর্ষদের কার্যপ্রণালী।

১৩। পর্ষদের এই আইন অনুযায়ী উহার কৃত্যসমূহ সম্পাদনের উদ্দেশ্যে, নিম্নলিখিত বিষয়সমূহ সংক্রান্ত কোন মোকদ্দমার বিচার করিবার সময়, কোড অফ সিভিল প্রসিডিওর, ১৯০৮ অনুযায়ী কোন দেওয়ানী আদালতে যথাবর্তিত একই ক্ষমতা থাকিবে ; যথা : - ১৯০৮-এর ৫।

(ক) কোন ব্যক্তিকে সমন করা ও তাহার উপস্থিতির বাধ্যকরণ এবং তাহাকে শপথপূর্বক জেরা করা ;

(খ) ভারতীয় সাক্ষ্য আইন, ১৮৭২ - এর ১২৩ ও ১২৪ ধারাসমূহের বিধানসমূহ সাপেক্ষে কোন সরকারী অভিলেখ ও দস্তাবেজ বা ঐরূপ অভিলেখ বা দস্তাবেজের প্রতিলিপি, কোন কার্যালয় হইতে অধিযাচন করা এবং ঐরূপ দস্তাবেজের উপস্থাপন; ১৮৭২ - এর ৯।

(গ) শপথপত্রের ভিত্তিতে সাক্ষ্য গ্রহণ ;

(ঘ) সাক্ষীগণকে জেরা করিবার বা দস্তাবেজ পরীক্ষার জন্য কমিশন নিয়োগ করা;

(ঙ) খেলাপের জন্য কোন আবেদন খারিজ করা বা তদ্বিষয়ে একতরফাভাবে সিদ্ধান্ত গ্রহণ ;

(চ) খেলাপের জন্য কোন আবেদন খারিজের আদেশ বাতিলের আদেশ বা তৎকর্তৃক একতরফাভাবে প্রদত্ত কোন আদেশ বাতিল করা ;

(ছ) অন্তর্বর্তী প্রতিকার মঞ্জুর ;

(জ) উহার সিদ্ধান্ত পুনর্বিলোকন;

(ছ) অন্য কোন বিষয় যাহা বিহিত হইতে পারে।

(২) পর্ষদের সমক্ষে প্রত্যেক কার্যবাহ ভারতীয় দণ্ড সংহিতার ১৯৩ ও ২২৮ ধারাসমূহের অর্থের মধ্যে ও ১৯৬ ধারার উদ্দেশ্যসমূহের জন্য, বিচারিক কার্যবাহ বলিয়া গণ্য হইবে এবং পর্ষদ কোড অফ ক্রিমিনাল প্রসিডিওর ১৯৭৩ - এর অধ্যায় ২৬ এবং ১৯৫ ধারার উদ্দেশ্যে দেওয়ানী আদালত বলিয়া গণ্য হইবে। ১৮৬০ - এর ৪৫। ১৯৭৮ - এর ২।

(৩) পর্ষদ স্বাভাবিক ন্যায়বিচারের নীতির দ্বারা চালিত হইবে এবং এই আইনের অপর বিধানসমূহ ও তদধীনে প্রণীত নিয়মাবলী অনুসারে যে স্থানসমূহে উহা কার্য চালাইবে তৎসহ উহার নিজস্ব পদ্ধতি প্রনিয়ন্ত্রণের ক্ষমতা থাকিবে।

## অধ্যায় ৪

### রেজিস্ট্রিকরণ ও প্রাধিকৃতকরণ

রেজিস্টার।

১৪। (১) এই আইনের উদ্দেশ্যসমূহের জন্য, পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস রেজিস্টার নামে অভিহিত যে রেজিস্টার পর্ষদের প্রধান কার্যালয়ে রাখা হইবে যাহাতে —

(ক) (i) প্রজ্ঞাপিত পেট্রোলিয়াম, পেট্রোলিয়ামজাত দ্রব্য বা প্রাকৃতিক গ্যাস বিপণনের জন্য রেজিস্ট্রিকৃত ; বা

(ii) তরলায়িত প্রাকৃতিক গ্যাস টার্মিনালসমূহ স্থাপন ও চালনার জন্য রেজিস্ট্রিকৃত; বা

(iii) প্রনিয়মাবলীর দ্বারা যেরূপ বিনির্দিষ্ট হইবে তাহার অতিরিক্ত পরিমাণ পেট্রোলিয়াম, পেট্রোলিয়ামজাত দ্রব্য বা প্রাকৃতিক গ্যাসের ভান্ডারজাতকরণের ব্যবস্থাকরণের জন্য রেজিস্ট্রিকৃত; বা

(খ) (i) কোন সার্বজনীন বাহক স্থাপন, নির্মাণ, চালনা বা সম্প্রসারণের জন্য প্রাধিকৃত, বা

(ii) পর্ষদ কর্তৃক প্রনিয়মাবলীর দ্বারা যেরূপ ব্যবস্থিত হইবে সেরূপ নগর বা স্থানীয় প্রাকৃতিক গ্যাস বিতরণ পরিকাঠামো স্থাপন, নির্মাণ চালনা বা সম্প্রসারণের জন্য প্রাধিকৃত

সত্তাগণের এরূপ বিস্তারিত বিবরণ থাকিবে।

(২) পর্ষদ কর্তৃক রক্ষিত হইবার জন্য অভিপ্রেত এবং পর্ষদ কর্তৃক প্রাধিকৃত কোন আধিকারিক কর্তৃক ঐরূপে শংসিত রেজিস্টারে কোন প্রবিষ্টির প্রতিলিপি, আরও প্রমাণ বা মূলের দাখিলীকরণ ব্যতীতই, সকল আদালত এবং কার্যবাহে সাক্ষ্যরূপে গৃহীত হইবে।

(৩) রেজিস্টার পর্ষদের প্রধান কার্যালয়ে জনসাধারণের পরিদর্শনের জন্য উন্মুক্ত থাকিবে।

(৪) কোন ব্যক্তি, পর্ষদে আবেদনের পর, এবং প্রনিয়মাবলীর দ্বারা, পর্ষদ কর্তৃক যেরূপ নির্ধারিত হইবে, সেরূপ ফি প্রদানের পর, রেজিস্টারে কোন প্রবিষ্টির শংসিত প্রতিলিপি প্রাপ্ত হইতে পারিবেন।

সত্তাগণের রেজিস্ট্রিকরণ।

১৫। (১) প্রত্যেক সত্তা যাঁহা —

(ক) প্রজ্ঞাপিত পেট্রোলিয়াম বা পেট্রোলিয়ামজাত দ্রব্য বা প্রাকৃতিক গ্যাস বিপণনে; বা

(খ) তরলায়িত প্রাকৃতিক গ্যাস টার্মিনাল স্থাপন ও চালনায় ; বা

(গ) প্রনিয়মাবলীর দ্বারা যেরূপ বিনির্দিষ্ট হইবে সেরূপ সক্ষমতার অতিরিক্ত পেট্রোলিয়াম, পেট্রোলিয়ামজাত দ্রব্য বা প্রাকৃতিক গ্যাস ভান্ডারজাতকরণের ব্যবস্থা স্থাপনে;

ইচ্ছুক এবং যেরূপ বিহিত হইবে, সেরূপ যোগ্যতার শর্তসমূহ পূরণ করেন, তিনি পর্ষদকে উহার রেজিস্ট্রিকরণের জন্য আবেদন করিবেন :

তবে, নির্দিষ্ট তারিখের অব্যবহিত পূর্বে (ক) প্রকরণ বা (খ) প্রকরণ বা (গ) প্রকরণে উল্লিখিত কার্যাবলী চালাইয়া যাইতেছেন এরূপ কোন সত্তার এই আইন অনুযায়ী কোন রেজিস্ট্রিকরণ আবশ্যক হইবে না, কিন্তু নির্দিষ্ট তারিখের ছয় মাসের মধ্যে পর্ষদকে ঐরূপ কার্যাবলী সম্পর্কে জ্ঞাপন করিবেন।

(২) পর্ষদ কর্তৃক প্রনিয়মাবলীর দ্বারা যেরূপ নির্ধারিত হইবে, রেজিস্ট্রিকরণের জন্য (১) উপধারা অনুযায়ী প্রত্যেক আবেদন সেরূপ ফরমে, সেরূপ প্রণালীতে ও সেরূপ ফী সহ হইবে।

(৩) পর্ষদ, উহা যেরূপ বিনির্দিষ্ট করিবেন সেরূপ তদন্তের পর এবং সেরূপ শর্ত ও কড়ারসমূহ সাপেক্ষে, সত্তাকে রেজিস্ট্রিকরণ শংসাপত্র প্রদানে (১) উপধারার, ক্ষেত্রানুযায়ী, (ক) প্রকরণ বা (খ) প্রকরণ বা (গ) প্রকরণে উল্লিখিত কার্যকলাপ প্রারম্ভ করিবার ও চালাইয়া যাইবার জন্য অনুমতি দিবেন।

(৪) পর্ষদ, আদেশ দ্বারা, (৩) উপধারা অনুযায়ী মঞ্জুরিকৃত রেজিস্ট্রিকরণ শংসাপত্র প্রনিয়মাবলী দ্বারা যেরূপ নির্ধারিত হইবে সেরূপ প্রণালীতে নিলম্বিত বা বাতিল করিতে পারিবেন :

তবে সংশ্লিষ্ট সত্তাকে বক্তব্য শুনাইবার যুক্তিসঙ্গত সুযোগ প্রদান না করিয়া এই উপধারা অনুযায়ী কোন আদেশ প্রদত্ত হইবে না।

প্রাধিকৃতকরণ।

১৬। কোন সত্তা এই আইন অনুযায়ী প্রাধিকার প্রাপ্তি ব্যতিরেকে —

(ক) সর্বজনীন বাহক বা সংবিদাবদ্ধ বাহকরূপে কোন পাইপলাইন স্থাপন, নির্মাণ, চালনা বা সম্প্রসারণ,

(খ) নগর বা স্থানীয় প্রাকৃতিক গ্যাস বিতরণ পরিকাঠামো স্থাপন, নির্মাণ, চালনা বা সম্প্রসারিত

করিবেন না :

তবে,-

(i) সর্বজনীন বাহক বা সংবিদাবদ্ধ বাহকরূপে কোন পাইপলাইন স্থাপন, নির্মাণ, চালন বা সম্প্রসারণকারী, বা

(ii) নগর বা স্থানীয় গ্যাস বিতরণ পরিকাঠামো স্থাপন, নির্মাণ, চালনা বা সম্প্রসারণকারী

কোন সত্তা, নির্দিষ্ট তারিখের অব্যবহিত পূর্বে, এই অধ্যায়ের বিধানসমূহ সাপেক্ষে ঐরূপ প্রাধিকার প্রাপ্ত হইয়াছেন বলিয়া গণ্য হইবে কিন্তু, উদ্দেশ্য বা ব্যবহারে কোন পরিবর্তন করিতে হইলে পর্ষদ কর্তৃক মঞ্জুরিকৃত পৃথক প্রাধিকারের আবশ্যক হইবে।

প্রাধিকারের জন্য আবেদন।

১৭। (১) কোন সত্তা যিনি কোন সার্বজনীন বাহক বা সংবিদাবদ্ধ বাহকরূপে কোন পাইপলাইন স্থাপন, নির্মাণ, চালনা বা সম্প্রসারিত করিতেছেন বা স্থাপন, নির্মাণ চালনা বা

সম্প্রসারণ করিবার প্রস্তাব করেন, তিনি এই আইন অনুযায়ী প্রাধিকার প্রাপ্ত হইবার জন্য পর্ষদের নিকট লিখিতভাবে আবেদন করিবেন :

তবে, নির্দিষ্ট দিনের পূর্বে, যে কোন সময়ে, কেন্দ্রীয় সরকার কর্তৃক প্রাধিকৃত সার্বজনীন বাহক বা সংবিদাবদ্ধ বাহকরূপে কোন পাইপলাইন স্থাপন, নির্মাণ চালনা বা সম্প্রসারণকারী কোন সত্তার নির্দিষ্ট তারিখ হইতে ছয় মাসের মধ্যে, ঐরূপ কার্যকলাপের বিবরণ পর্ষদের নিকট দাখিল করিবেন।

(২) কোন সত্তা যিনি নগর বা স্থানীয় প্রাকৃতিক গ্যাস বিতরণ পরিকাঠামো স্থাপন, নির্মাণ, চালনা বা সম্প্রসারিত করিতেছেন বা যিনি স্থাপন, নির্মাণ, চালনা বা সম্প্রসারণের প্রস্তাব করেন তিনি, এই আইন অনুযায়ী প্রাধিকার প্রাপ্ত হইবার জন্য লিখিতভাবে আবেদন করিবেন :

তবে নির্দিষ্ট দিনের পূর্বে যে কোন সময়ে কেন্দ্রীয় সরকার কর্তৃক প্রাধিকৃত কোন নগর বা স্থানীয় গ্যাস বিতরণ পরিকাঠমো স্থাপন, নির্মাণ, চালনা বা সম্প্রসারণকারী কোন সত্তা, নির্দিষ্ট দিন হইতে ছয় মাসের মধ্যে, ঐরূপ কার্যকলাপের বিবরণ পর্ষদের নিকট দাখিল করিবেন।

(৩) (১) উপধারা বা (২) উপধারা অনুযায়ী প্রত্যেক আবেদন, পর্ষদ প্রনিয়মাবলীর দ্বারা যেরূপ বিনির্দিষ্ট করিবেন সেরূপ ফরমে, সেরূপ প্রণালীতে এবং সেরূপ ফি সহ করিতে হইবে।

(৪) এই আইনের বিধানসমূহ এবং কেন্দ্রীয় সরকার কর্তৃক নিবদ্ধ নিয়মাচার ও নীতি নির্দেশিকার সহিত সামঞ্জস্য সাপেক্ষে পর্ষদ, উহা যেরূপ উপযুক্ত মনে করিবেন সেরূপ সংশোধন বা শর্তাবলী কিছু থাকিলে তৎসাপেক্ষে, উহার নিকট কৃত আবেদন হয় অগ্রাহ্য বা গ্রহণ করিবেন।

(৫) কোন আবেদন প্রত্যাখ্যান বা শর্তাধীন গ্রহণের ক্ষেত্রে, পর্ষদ, ক্ষেত্রানুযায়ী, ঐরূপ প্রত্যাখ্যান বা শর্তাধীন গ্রহণের কারণসমূহ অভিলিখিত করিবেন।

আবেদনসমূহের প্রচার।

১৮। প্রজ্ঞাপিত পেট্রোলিয়াম, পেট্রোলিয়ামজাত দ্রব্য বা প্রাকৃতিক গ্যাস বিপণনের জন্য, বা তরলায়িত প্রাকৃতিক গ্যাস টার্মিনাল স্থাপন ও চালনার জন্য বা প্রনিয়মাবলীর দ্বারা যেরূপ বিনির্দিষ্ট হইবে সেরূপ সীমার অতিরিক্ত পরিমাণে পেট্রোলিয়াম, পেট্রোলিয়ামজাত দ্রব্য বা প্রাকৃতিক গ্যাস ভাণ্ডারজাতকরণের সুবিধা স্থাপনের জন্য রেজিস্ট্রিকরণের আবেদন, সম্পূর্ণরূপেই হউক বা শর্তসমূহ বা পরিসীমনসমূহ সাপেক্ষে যাহাই হউক না কেন, গৃহীত হইলে, পর্ষদ, যথাসম্ভব শীঘ্র, প্রনিয়মাবলীর দ্বারা যেরূপ বিহিত হইবে সেরূপ ফরমে ও প্রণালীতে ঐরূপ গ্রহণ সম্পর্কে জনগণকে জ্ঞাত করাইবেন।

প্রাধিকার মঞ্জুর।

১৯। (১) যখন, হয় সার্বজনীন বাহক কিংবা সংবিদাবদ্ধ বাহক, স্থাপন, নির্মাণ, চালনা বা সম্প্রসারণের প্রাধিকারের জন্য বা নগর বা স্থানীয় প্রাকৃতিক গ্যাস বিতরণ পরিকাঠামোর স্থাপন, নির্মাণ, চালনা বা সম্প্রসারণের প্রাধিকারের জন্য প্রাপ্ত আবেদনের ভিত্তিতে, বা স্বঃপ্রণোদনায়, পর্ষদের এরূপ অভিমত হয় যে, দুইটি বিনির্দিষ্ট স্থানের মধ্যে সার্বজনীন বাহক বা সংবিদাবদ্ধ বাহক স্থাপন, নির্মাণ, চালনা বা সম্প্রসারণ করা বা কোন বিনির্দিষ্ট ভৌগলিক এলাকায় নগর বা স্থানীয় প্রাকৃতিক গ্যাস বিতরণ পরিকাঠামো স্থাপন, নির্মাণ, চালনা বা সম্প্রসারণ করা আবশ্যক

বা সঙ্গত, তখন পর্ষদ ঐরূপ করিবার জন্য উহার অভিপ্রায় ব্যাপকভাবে প্রচার করিবেন এবং ঐরূপ পাইপলাইন বা নগর বা স্থানীয় প্রাকৃতিক গ্যাস বিতরণ পরিকাঠামো স্থাপন নির্মাণ, চালনা বা সম্প্রসারণে আগ্রহী পক্ষগণের নিকট হইতে আবেদন আহ্বান করিবেন।

(২) পর্ষদ ঐরূপ কার্যকলাপের জন্য প্রনিয়মাবলীর দ্বারা যথা-বিনির্দিষ্ট বস্তুনিষ্ঠ ও স্বচ্ছ প্রণালীতে কোন সত্তাকে নির্বাচিত করিবেন।

সার্বজনীন বাহক বা সংবিদাবদ্ধ বাহক এবং নগর বা স্থানীয় প্রাকৃতিক গ্যাস বিতরণ পরিকাঠামো স্থাপন, নির্মাণ ইত্যাদির ঘোষণা।

২০।(১) যদি পর্ষদের এরূপ অভিমত হয় যে, পেট্রোলিয়াম, পেট্রোলিয়ামজাত দ্রব্য ও প্রাকৃতিক গ্যাস পরিবহনের জন্য বিদ্যমান পাইপলাইন বা বিদ্যমান নগর বা স্থানীয় প্রাকৃতিক গ্যাস বিতরণ পরিকাঠামোকে সার্বজনীন বাহক বা সংবিদাবদ্ধ বাহকরূপে ঘোষণা করা বা ঐরূপ পাইপলাইন বা পরিকাঠামোয় অভিগম্যতা প্রনিয়ন্ত্রণ করা বা অনুমতি প্রদান করা আবশ্যক বা সঙ্গত তাহাহইলে উহা, উহার ঐরূপ করিবার অভিপ্রায়ের ব্যাপক প্রচার করিবেন এবং ঐরূপ সিদ্ধান্তের দ্বারা প্রভাবিত হইতে পারে এরূপ সকল ব্যক্তি ও সত্তাগণের নিকট হইতে, বিনির্দিষ্ট সময়ের মধ্যে, আপত্তি ও প্রস্তাব আহ্বান করিবেন।

(২) পর্ষদ, (১) উপধারার উদ্দেশ্যসমূহের জন্য, পাইপলাইন বা পরিকাঠামো যাহার মালিকানাধীন সেই সত্তাকে বক্তব্য শুনাইবার সুযোগ প্রদান করিবেন এবং যে শর্ত ও কড়ারসমূহের সাপেক্ষে পাইপলাইন বা পরিকাঠামো সার্বজনীন বাহক বা সংবিদাবদ্ধ বাহকরূপে ঘোষিত হইবে তাহা স্থির করিবেন এবং জনস্বার্থ, প্রতিযোগিতামূলক স্থানান্তরণ হার ও প্রথম ব্যবহারের অধিকারের প্রতি লক্ষ্য রাখিয়া যেরূপ উপযুক্ত বলিয়া গণ্য করিবেন সেরূপ আদেশ প্রদান করিবেন।

(৩) পর্ষদ, ১৯ ধারার (১) ও (২) উপধারা অনুযায়ী প্রনিয়মাবলীর দ্বারা যথা-বিনির্দিষ্ট প্রক্রিয়া অনুসরণ করিয়া, প্রজ্ঞাপন দ্বারা,

(ক) কোন পাইপলাইন বা নগর বা স্থানীয় প্রাকৃতিক গ্যাস বিতরণ পরিকাঠামোকে সার্বজনীন বাহক বা সংবিদাবদ্ধ বাহকরূপে ঘোষণা করিবেন; বা

(খ) কোন সত্তাকে কোন পাইপলাইন স্থাপন, নির্মাণ, চালনা বা সম্প্রসারণ করিবার জন্য সার্বজনীন বা সংবিদাবদ্ধ বাহকরূপে প্রাধিকৃত করিবেন; বা

(গ) সার্বজনীন বাহক বা সংবিদাবদ্ধ বাহক বা নগর বা স্থানীয় প্রাকৃতিক গ্যাস বিতরণ পরিকাঠামোয় অভিগম্যতার অনুমতি দিবেন;

(ঘ) কোন সত্তাকে নগর বা স্থানীয় প্রাকৃতিক গ্যাস বিতরণ পরিকাঠামো স্থাপন, নির্মাণ, চালনা বা সম্প্রসারণ করিবার জন্য প্রাধিকৃত করিবেন।

(৪) পর্ষদ, তৎকর্তৃক প্রণীত প্রনিয়মাবলীর দ্বারা নিবদ্ধ নীতিসমূহ অনুসারে, উহা আদেশ দ্বারা যেরূপ নির্ধারণ করিবেন সেরূপ সংখ্যক বৎসরের জন্য স্বচ্ছ প্রণালীতে উপভোক্তার স্বার্থ সম্পূর্ণ সুরক্ষিত করিয়া, নগর বা স্থানীয় প্রাকৃতিক গ্যাস বিতরণ পরিকাঠামো স্থাপন, নির্মাণ, চালনা বা সম্প্রসারণ করিবার জন্য একাধিকৃতির সময়াবধি বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করিবেন।

(৫) পর্ষদ, এই ধারার উদ্দেশ্যসমূহের জন্য, সত্তাগণের মধ্যে প্রতিযোগিতায় উৎসাহদান, নিষ্ফল বিনিয়োগ এড়ানো, দেশব্যাপী পেট্রোলিয়াম, পেট্রোলিয়ামজাত দ্রব্য

ও প্রাকৃতিক গ্যাসের সরবরাহ বজায় রাখা বা বৃদ্ধি বা ন্যায্য বিতরণ নিশ্চিত করা বা পর্যাপ্ত প্রাপ্তিসাধ্যতা সুনিশ্চিত করিবার লক্ষ্যের দ্বারা চালিত হইবেন এবং পর্ষদ প্রনিয়মাবলীর দ্বারা, এই ধারা অনুযায়ী উহার কৃত্যসমূহ চালাইবার জন্য যেরূপ নির্ধারণ করিবেন সেরূপ নীতিসমূহ অনুসরণ করিবেন।

প্রথম ব্যবহারের অধিকার, ইত্যাদি।

২১। (১) পেট্রোলিয়াম ও পেট্রোলিয়ামজাত দ্রব্য পরিবহনের জন্য কোন পাইপলাইন স্থাপন, নির্মাণ, চালনা বা সম্প্রসারণকারকারী বা নগর বা স্থানীয় প্রাকৃতিক গ্যাস বিতরণ পরিকাঠামো স্থাপন, নির্মাণ, চালনা বা সম্প্রসারণকারী সত্তার উহার নিজস্ব আবশ্যকতার জন্য প্রথম ব্যবহারের অধিকার থাকিবে এবং অবশিষ্ট পরিমাণ, ২০ ধারা অনুযায়ী কোন ঘোষণা জারি করিবার পর পর্ষদ, দেশব্যাপী পেট্রোলিয়াম ও পেট্রোলিয়ামজাত দ্রব্য বিপণনে সুষ্ঠু প্রতিযোগিতার ও প্রাপ্তিসাধ্যতার প্রয়োজনের প্রতি লক্ষ্য রাখিয়া যেরূপ নির্ধারণ করিবেন সেরূপ সত্তাগণের মধ্যে ব্যবহৃত হইবে :

তবে, প্রাকৃতিক গ্যাস বিপণন এবং প্রাকৃতিক গ্যাস পরিবহনের জন্য সার্বজনীন বাহক বা সংবিদাবদ্ধ বাহকরূপে কোন পাইপলাইন স্থাপন, নির্মাণ, চালনা বা সম্প্রসারণ এই উভয় কার্যেই ব্যাপৃত এরূপ কোন সত্তার ক্ষেত্রে পর্ষদ ঐরূপ সত্তাগণকে, প্রনিয়মাবলীর দ্বারা যেরূপ বিনির্দিষ্ট হইবে, সেরূপ সম্বন্ধ আচরণ সংহিতা পালন করিবার জন্য অনুজ্ঞাত করিতে এবং ঐরূপ সত্তাকে পর্ষদ কর্তৃক যেরূপ অনুমোদিত হইবে সেরূপ সময়সীমার মধ্যে প্রাকৃতিক গ্যাস বিপণন ও পাইপলাইনের মালিকানাসহ স্থানান্তরণের কার্যকলাপ পৃথক করিবার জন্য অনুজ্ঞাত করিতে পারিবেন এবং কেবল ঐ সময়সীমার মধ্যে ঐরূপ সত্তার প্রথম ব্যবহারের অধিকার থাকিবে।

(২) চালনার জন্য প্রাধিকৃত এরূপ কোন সত্তা ব্যতিরেকে অন্য কোন সত্তা, সার্বজনীন বাহক বা সংবিদাবদ্ধ বাহকের ব্যবহারের জন্য, যে সত্তা উহা চালনা করিবার জন্য প্রাধিকৃত তাহাকে স্থানান্তরণ বাবত মূল্য প্রদান করিবেন।

(৩) সার্বজনীন বাহক বা সংবিদাবদ্ধ বাহকরূপে পাইপলাইন স্থাপন, নির্মাণ, চালনা বা সম্প্রসারণের জন্য বা নগর বা স্থানীয়ভাবে প্রাকৃতিক গ্যাস বিতরণ পরিকাঠামো স্থাপন, নির্মাণ, চালনা বা সম্প্রসারণের জন্য প্রাধিকৃত কোন সত্তা, প্রাধিকার সম্পর্কিত কোন অধিকার লঙ্ঘনের জন্য, লোকসান নিবারণ বা পূরণ করিতে পর্ষদের সঙ্গে কার্যবাহ দায়ের করিবার অধিকারী হইবেন।

**ব্যাখ্যা**। - এই উপধারার উদ্দেশ্যসমূহের জন্য "কোন অধিকার লঙ্ঘন" বলিতে কোন ব্যক্তি কর্তৃক কৃত এরূপ কোন কার্য বুঝায় যাহা সার্বজনীন বাহক বা সংবিদাবদ্ধ বাহকের উপর হস্তক্ষেপ করে বা প্রাধিকৃত সত্তার হানি ঘটায়।

স্থানান্তরণ মাশুল।

২২। (১) এই আইনের বিধানসমূহ সাপেক্ষে পর্ষদ, প্রনিয়মাবলীর দ্বারা, সার্বজনীন বাহক বা সংবিদাবদ্ধ বাহক বা নগর বা স্থানীয়ভাবে প্রাকৃতিক গ্যাস বিতরণ পরিকাঠামোর স্থানান্তরণ মাশুল এবং ঐরূপ মাশুল নির্ধারণের প্রণালী নিবদ্ধ করিবেন।

(২) (১) উপধারার প্রয়োজনে, পর্ষদ নিম্নলিখিতসমূহের দ্বারা পরিচালিত হইবে; যথা : -

(ক) যে বিষয়সমূহ প্রতিযোগিতা, দক্ষতা, সম্পদসমূহের বিচক্ষণ ব্যবহার উত্তম সম্পাদন ও সর্বোত্তম বিনিয়োগে উৎসাহদান করিবে ;

(খ) উপভোক্তার স্বার্থরক্ষা এবং একই সময়ে যুক্তিসঙ্গত প্রণালীতে স্থানান্তরণের খরচ আদায় ;

(গ) কর্মসম্পাদনে দক্ষতার পুরস্কার প্রদানের নীতিসমূহ;

(ঘ) সংযুক্ত পরিকাঠামো যথা সার্বজনীন বাহক বা সংবিদাবদ্ধ বাহকের সহিত সংযুক্ত কমপ্রেসর, পাম্প, মিটারিং ইউনিট, ভাণ্ডার ও তদনুরূপ ;

(ঙ) পরিষেবার খরচ, আভ্যন্তরীণ রিটার্ণের হার, নীট বর্তমান মূল্য বা বিকল্প স্থানান্তর পদ্ধতির ভিত্তিতে সংগণিত কোন উল্লিখিত মাশুলের বিপরীতে মাপমান নিরূপণ করা ;

(চ) সার্বজনীন বাহক, সংবিদাবদ্ধ বাহক এবং নগর বা স্থানীয় প্রাকৃতিক গ্যাস বিতরণ পরিকাঠামোর ক্ষেত্রে প্রযোজ্য কেন্দ্রীয় সরকারের নীতি।

প্রাধিকৃতকরণের নিলম্বন বা বাতিল।

২৩। ক্ষতিগ্রস্ত পক্ষের আবেদনের ভিত্তিতে অথবা স্বপ্রণোদনায়, যদি পর্ষদের প্রতীতি হয় যে, যে সত্তার অনুকূলে ১৯ ধারা অনুযায়ী প্রাধিকৃতকরণ মঞ্জুর করা হইয়াছে তাহা প্রাধিকৃতকরণের কোন শর্ত পালনে ব্যর্থ হইয়াছে তাহাহইলে উহা, ঐরূপ সত্তাকে বক্তব্য শুনাইবার সুযোগ প্রদানের পর, হয় পর্ষদ যেরূপ উপযুক্ত মনে করিবেন সেরূপ সময়সীমার জন্য প্রাধিকৃতকরণ নিলম্বিত করিবেন অথবা প্রাধিকৃতকরণ বাতিল করিবেন :

তবে, যেক্ষেত্রে পর্ষদের এরূপ অভিমত হয় যে, কোন সত্তা অবিরত এরূপ প্রণালীতে কার্য করিতেছেন যাহা উপভোক্তাগণের স্বার্থের হানি ঘটায়, তাহাহইলে উহা, পরবর্তীকালে শুনানির সুযোগ প্রদান সাপেক্ষে, অবিলম্বে প্রধিকৃতকরণ নিলম্বন করিবার ব্যবস্থা গ্রহণ করিবেন যাহা, ঐ শুনানির পর, হয় অনুমোদিত হইবে বা প্রতিসংহরণ করা হইবে।

## অধ্যায় ৫

### বিরোধের নিষ্পত্তি

পর্ষদ বিরোধসমূহের নিষ্পত্তি করিবেন।

২৪।(১) সত্তাগণের মধ্যে বা, ক্ষেত্রানুযায়ী, কোন সত্তা বা অন্য কোন ব্যক্তির মধ্যে প্রাসঙ্গিক চুক্তির ক্ষেত্রে সালিশীর জন্য যেরূপ ব্যবস্থিত আছে তদ্ব্যতীত, (২) উপধারায় উল্লিখিত বিষয় সম্পর্কে সত্তাগণের মধ্যে বা কোন সত্তা ও অপর কোন ব্যক্তির মধ্যে যদি কোন বিরোধ উপস্থিত হয়, তাহাহইলে ঐরূপ বিরোধ, সদস্য (বৈধিক) এবং চেয়ারপার্সন কর্তৃক মনোনীত এক বা একাধিক সদস্যকে লইয়া গঠিত বেঞ্চ কর্তৃক মীমাংসিত হইবে :

তবে, বেঞ্চের সদস্যগণের মধ্যে কোন বিষয় বা বিষয়সমূহের ক্ষেত্রে মতভেদ হইলে, তাহারা যে বিষয় বা বিষয়সমূহের ক্ষেত্রে তাহাদের মতভেদ হইয়াছে তাহা উল্লেখ করিবেন এবং এরূপ বিষয় বা বিষয়সমূহে শুনানির জন্য বেঞ্চের সদস্য ব্যতীত অপর কোন সদস্যের নিকট উহা প্রেরণ করিবেন এবং ঐরূপ বিষয় বা বিষয়সমূহ উক্ত সদস্যের অভিমতের ভিত্তিতে নির্ধারিত হইবে।

(২) (১) উপধারা অনুযায়ী গঠিত বেঞ্চ, নির্দিষ্ট তারিখে ও তারিখ হইতে, নিম্নলিখিত যে কোন বিষয়ে কোন দেওয়ানী আদালত কর্তৃক প্রয়োগযোগ্য সকল ক্ষেত্রাধিকার, ক্ষমতা ও প্রাধিকার প্রয়োগ করিবেন -

(ক) সত্তাগণ কর্তৃক পেট্রোলিয়াম, পেট্রোলিয়ামজাত দ্রব্য ও প্রাকৃতিক গ্যাস শোধন, প্রক্রিয়াকরণ, ভাণ্ডারজাতকরণ, স্থানান্তরণ ও বিতরণ;

(খ) সত্তাগণ কর্তৃক উপভোক্তাগণকে পরিষেবার মান ও সরবরাহের নিরাপত্তা সহ পেট্রোলিয়াম, পেট্রোলিয়ামজাত দ্রব্য ও প্রাকৃতিক গ্যাস বিপণন ও বিক্রয়; এবং

(গ) ১৫ ধারা বা ১১ ধারা অনুযায়ী পর্ষদ কর্তৃক প্রদত্ত রেজিস্ট্রিকরণ বা প্রাধিকৃতকরণ।

(৩) কোড অফ সিভিল প্রসিডিওর ১৯০৮, - এ যাহা কিছু আছে তৎসত্ত্বেও, পর্ষদের নির্দিষ্ট তারিখে বা উহার পরে (২) উপধারায় উল্লিখিত বিষয়সমূহ মীমাংসা করিবার ক্ষমতা থাকিবে। ১৯০৮ - এর ৫।

অভিযোগ দায়ের। ২৫। (১) সত্তাগণ সম্পর্কিত বা সত্তাগণের মধ্যে এই আইনের বিধানসমূহ হইতে উদ্ভূত কোন বিষয় সম্পর্কে যে কোন ব্যক্তি কর্তৃক পর্ষদের সমক্ষে অভিযোগ দায়ের করা যাইবে :

তবে, কনজিউমার প্রোটেকশন অ্যাক্ট, ১৯৮৬ অনুযায়ী উপভোক্তা বিবাদ প্রতিবিধান ফোরামের সমক্ষে চলিতে পারে ব্যক্তি উপভোক্তাগণের এরূপ অভিযোগ পর্ষদ কর্তৃক গৃহীত হইবে না কিন্তু ঐরূপ ফোরাম কর্তৃক শুনানি গৃহীত হইবে ও নিষ্পত্তি করা হইবে। ১৯৮৬ - র ৬৮।

**ব্যাখ্যা।** — এই উপধারার প্রয়োজনে, "উপভোক্তা বিবাদ প্রতিবিধান ফোরাম" এই অভিব্যক্তি কনজিউমার প্রোটেকশন অ্যাক্ট, ১৯৮৬ - র বিধানসমূহ অনুযায়ী গঠিত, ক্ষেত্রানুযায়ী, জেলা ফোরাম বা রাজ্য কমিশন বা জাতীয় কমিশন বুঝাইবে। ১৯৮৬ - র ৬৮।

(২) (১) উপধারা অনুযায়ী কৃত প্রত্যেক অভিযোগ, উল্লঙ্ঘন ঘটিত প্রত্যেক কার্য বা আচরণ যে তারিখে হইয়াছিল সেই তারিখ হইতে ষাট দিনের মধ্যে দায়ের করিতে হইবে এবং প্রনিয়মাবলীর দ্বারা যেরূপ বিহিত হইবে সেরূপ ফী সহ এবং সেরূপ ফরমে করিতে হইবে :

তবে, পর্ষদ, উক্ত সময়সীমা অবসিত হইবার পর কোন অভিযোগ গ্রহণ করিতে পারিবেন, যদি উহার প্রতীতি হয় যে উক্ত সময়সীমার মধ্যে অভিযোগ দায়ের না করিবার পর্যাপ্ত কারণ ছিল।

(৩) (১) উপধারা অনুযায়ী কোন অভিযোগ প্রাপ্তির পর, পর্ষদ ত্রিশ দিনের মধ্যে সংশ্লিষ্ট সত্তা বা সত্তাগণের বিরুদ্ধে আপাতগ্রাহ্য বিষয় রহিয়াছে কিনা তাহা স্থির করিবেন এবং হয় স্বতঃপ্রনোদিত হইয়া অনুসন্ধান করিবেন কিংবা এই অধ্যায় অনুযায়ী বিষয়টি তদন্তের জন্য ক্ষেত্রাধিকার সম্পন্ন তদন্তকারী আধিকারিকের নিকট প্রেরণ করিবেন এবং যেক্ষেত্রে উক্ত বিষয় ঐরূপ তদন্তকারী আধিকারিকের নিকট প্রেরিত হইয়াছে, সেক্ষেত্রে ঐরূপ তদন্তকারী আধিকারিকের নিকট হইতে প্রতিবেদন প্রাপ্তির পর, পর্ষদ যদি উহা ২৭ ধারার (২) উপধারার আওতার মধ্যে পড়ে তাহাইইলে বিরোধরূপে উক্ত অভিযোগের শুনানিগ্রহণ করিবেন ও উহার নিষ্পত্তি করিবেন, এবং অপর কোন ক্ষেত্রে, উহা যেরূপ উপযুক্ত গণ্য করিবেন সেরূপ আদেশ প্রদান করিবেন ও সেরূপ নির্দেশ জারি করিবেন।

(৪) যেক্ষেত্রে কেন্দ্রীয় সরকার বিবেচনা করেন যে, এই আইনের বিধানসমূহ হইতে উদ্ভূত কোন বিষয়ে তদন্ত করা আবশ্যক, সেক্ষেত্রে উহা পর্ষদকে বিষয়টি প্রেরণ করিবেন এবং ঐরূপ প্রেরণ যেন পর্ষদের নিকট কৃত কোন অভিযোগ এরূপে এই আইনের বিধানসমূহ প্রযোজ্য হইবে।

তদন্তের ক্ষমতা।

২৬।(১) ২৫ ধারার বিধানসমূহের প্রয়োজনে, পর্ষদ (৩) উপধারার বিধানসমূহ সাপেক্ষে, সাধারণ বা বিশেষ আদেশ দ্বারা, পর্ষদের একজন আধিকারিককে প্রনিয়মাবলীর দ্বারা ব্যবস্থিত প্রণালীতে তদন্ত করিবার জন্য নিযুক্ত করিবেন :

তবে, যেক্ষেত্রে পর্ষদ বিষয়টি ডেলহি স্পেশাল পুলিশ এস্ট্যাবলিশমেন্ট অ্যাক্ট, ১৯৪৬-এর ২ ধারা অনুযায়ী গঠিত বিশেষ পুলিশ বাহিনীসমেত রাজ্য বা কেন্দ্রীয় সরকারের কোন তদন্তকারী এজেন্সি কর্তৃক তদন্তকৃত হওয়া আবশ্যক বলিয়া বিবেচনা করেন সেক্ষেত্রে, পর্ষদ ঐরূপ এজেন্সিকে তদন্ত করিবার জন্য নির্দেশিত বা প্রাধিকৃত করিতে সংশ্লিষ্ট সরকারকে অনুরোধ করিতে পারিবেন এবং ঐরূপে নির্দেশিত বা প্রাধিকৃত এজেন্সি তখন এই আইন অনুযায়ী তদন্তকারী আধিকারিকের ক্ষমতাসমূহ প্রয়োগ করিবার ও কর্তব্যসমূহ সম্পাদন করিবার জন্য ক্ষমতাপন্ন হইবেন।

১৯৪৬-এর ২৫।

(২) কোন ব্যক্তি নিয়মাবলীর দ্বারা পর্ষদ কর্তৃক নির্ধারিত শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতাসম্পন্ন না হইলে তদন্তকারী আধিকারিকরূপে নিযুক্ত হইবেন না।

(৩) যেক্ষেত্রে একাধিক তদন্তকারী আধিকারিক নিযুক্ত হন, সেক্ষেত্রে পর্ষদ, আদেশ দ্বারা, যে বিষয় ও ক্ষেত্রাধিকারের যে স্থানীয় সীমার মধ্যে ঐরূপ প্রত্যেক আধিকারিক তাঁহার ক্ষেত্রাধিকার প্রয়োগ করিবেন তা বিনির্দিষ্ট করিবেন।

পর্ষদ কর্তৃক বিবেচনা করা হইবে এরূপ বিষয়সমূহ।

২৭। পর্ষদ, এই আইন অনুযায়ী কোন বিবাদের নিষ্পত্তি করিবার কালে, এই আইনের বিধানসমূহ ও নিম্নলিখিত বিষয়সমূহের প্রতি যথাযথ লক্ষ্য রাখিবেন, যথা :

(ক) খেলাপের ফলস্বরূপ কৃত অসমানুপাতিক লাভ বা প্রাপ্ত অন্যায্য সুবিধার পরিমাণ, যেখানেই পরিমাণগতাবে নিরূপণযোগ্য;

(খ) খেলাপের ফলস্বরূপ কোন সত্তার ক্ষেত্রে যে ক্ষতি হইয়াছে তাহার পরিমাণ ;

(গ) বারবার খেলাপের প্রকৃতি।

পর্ষদ কর্তৃক, প্রদত্ত নির্দেশ উল্লঙ্ঘনের জন্য দেওয়ানী দণ্ড।

২৮। যেক্ষেত্রে কোন ব্যক্তি কর্তৃক পর্ষদের সমক্ষে কোন অভিযোগ দায়ের করা হয় সেক্ষেত্রে, বা যদি পর্ষদের প্রতীতি হয় যে, কোন ব্যক্তি সার্বজনীন বাহকের ক্ষেত্রে অভিগম্যতা প্রদানে বা পরিবহন হার মান্য করিবার ক্ষেত্রে বা, খুচরা বিক্রয় কেন্দ্রসমূহে সর্বাধিক খুচরা বিক্রয়মূল্য প্রদর্শনে, এই আইন অনুযায়ী পর্ষদ কর্তৃক প্রদত্ত নির্দেশ উল্লঙ্ঘন করিয়াছেন, বা যে শর্ত বা কড়ার সাপেক্ষে ১৫ ধারা বা ১৯ ধারা অনুযায়ী রেজিস্ট্রিকরণ বা প্রাধিকৃতকরণ মঞ্জুর হইয়াছে তাহা, বা খুচরা পরিষেবা বা বিপণন পরিষেবা দায়িতাসমূহ লঙ্ঘন করেন বা পর্ষদ কর্তৃক অনুজ্ঞাত তথ্য, দস্তাবেজ, রিটার্ণ বা প্রতিবেদন দাখিল না করেন, তাহাহইলে, উহা, ঐ বিষয়ে ঐরূপ ব্যক্তিকে বক্তব্য শুনাইবার সুযোগ প্রদানের পর, লিখিত আদেশ দ্বারা, এই আইন অনুযায়ী তিনি অপর যে অর্থদণ্ডের দায়িতাধীন হইতে পারেন তাহা ক্ষুণ্ণ না করিয়া, নির্দেশ প্রদান

করিবেন যে, ঐরূপ ব্যক্তি, দেওয়ানী অর্থদণ্ডরূপে, প্রতি উল্লঙ্ঘনের জন্য, এক কোটি টাকার অনধিক অর্থপরিমাণ এবং ধারাবাহিক ব্যর্থতার ক্ষেত্রে, ঐরূপ প্রথম নির্দেশ উল্লঙ্ঘনের পর, যে সময়সীমার জন্য ব্যর্থতা চলিতে থাকে তাহার প্রত্যেক দিনের জন্য দশ লক্ষ টাকা পর্যন্ত হইতে পারে এরূপ অতিরিক্ত অর্থদণ্ড প্রদান করিবেন :

তবে, বাধানিষেধমূলক কারবার রীতির বিষয়ে কোন অভিযোগের ক্ষেত্রে দেওয়ানী অর্থদণ্ডের অর্থপরিমাণ সত্তা কর্তৃক কৃত অন্যায্য লাভের পাঁচগুণ বা দশ কোটি টাকা এতদুভয়ের মধ্যে যাহা অধিকতর হইবে, সেই পরিমাণ পর্যন্ত হইবে।

পর্ষদ কর্তৃক প্রদত্ত আদেশ ডিক্রি বলিয়া গণ্য হইবে।

২৯। এই আইন অনুযায়ী পর্ষদ কর্তৃক প্রদত্ত প্রত্যেক আদেশ, পর্ষদের কোন আধিকারিক কর্তৃক প্রদত্ত শংসাপত্রের ভিত্তিতে, যেন উহা, কোন দেওয়ানী আদালতের ডিক্রি এরূপে একই প্রণালীতে নির্বাহযোগ্য হইবে :

তবে, যেক্ষেত্রে পর্ষদের কোন আদেশের বিরুদ্ধে কোন আপীল বিচারাধীন এবং কোন আপীল আনীত না হয় সেক্ষেত্রে, এই ধারা অনুযায়ী পর্ষদের আদেশ, ঐরূপ আদেশের বিরুদ্ধে আপীল ট্রাইবিউন্যালের সমক্ষে আপীল আনয়ন করিবার অনুমোদিত সময়সীমা অবসিত হইবার পর, এই ধারা অনুযায়ী চূড়ান্ত ডিক্রি বলিয়া গণ্য হইবে।

## অধ্যায় ৬

## আপীলী ট্রাইবিউন্যালে আপীলসমূহ

আপীলী ট্রাইবিউন্যাল।

৩০। (১) এই আইনের বিধানসমূহ সাপেক্ষে, ইলেকট্রিসিটি অ্যাক্ট ২০০৩- এর ১১০ ধারা অনুযায়ী স্থাপিত আপীলী ট্রাইবিউন্যাল এই আইনের প্রয়োজনে আপীলী ট্রাইবিউন্যাল হইবে এবং উক্ত আপীলী ট্রাইবিউন্যাল এই আইন দ্বারা বা অনুযায়ী উহার উপর অর্পিত ক্ষেত্রাধিকার ক্ষমতা ও প্রাধিকার প্রয়োগ করিবেন : ২০০৩- এর ৩৬।

তবে, আপীলী ট্রাইবিউন্যালের প্রায়োগিক সদস্য, এই ধারার প্রয়োজনে, প্রায়োগিক সদস্য (পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস) নামে অভিহিত হইবেন এবং তাঁহার ৩১ ধারার (২) উপধারায় বিনির্দিষ্ট যোগ্যতাসমূহ থাকিবে।

(২) ইলেকট্রিসিটি অ্যাক্ট, ২০০৩ - এ যাহা কিছু আছে তৎসত্ত্বেও, কেন্দ্রীয় সরকার, এই আইনের প্রয়োজনে, বিদ্যুতের আপীলী ট্রাইবিউন্যালের জন্য এক বা একাধিক প্রায়োগিক সদস্য (পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস) নিয়োগ করিবেন বা উক্ত ট্রাইবিউন্যালের যে সদস্য ৩১ ধারার (২) উপধারায় বিনির্দিষ্ট যোগ্যতাসম্পন্ন তাঁহাকে উক্ত ট্রাইবিউন্যালের প্রায়োগিক সদস্যরূপে নামোদ্দিষ্ট করিবেন এবং যখন কোন প্রায়োগিক সদস্য (পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস) নিযুক্ত হন তখন তিনি, এই আইন অনুযায়ী নিযুক্ত অপর তিনজন সদস্যের অতিরিক্ত হইবেন। ২০০৩ - এর ৩৬।

প্রায়োগিক সদস্য (পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস)।

৩১। (১) প্রায়োগিক সদস্য (পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস) ৪ ধারার (২) উপধারা অনুযায়ী গঠিত তল্লাশি কমিটি কর্তৃক প্রস্তুত নাম-তালিকা হইতে নিযুক্ত হইবেন।

(২) কোন ব্যক্তি —

(i) যিনি শক্তি ক্ষেত্র, বিশেষতঃ পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস সম্পর্কিত বিষয়ে পর্যাপ্ত অভিজ্ঞতাসম্পন্ন, তিনি, কেন্দ্রীয় সরকারের কোন মন্ত্রকে বা বিভাগে অন্তত এক বৎসরের সচিব না হইলে বা না হইয়া থাকিলে; বা

(ii) যিনি পেট্রোলিয়াম, পেট্রোলিয়ামজাত দ্রব্য বা প্রাকৃতিক গ্যাস সন্ধান, উৎপাদন, পাইপলাইনে প্রেরণ, বিপণন বা প্রনিয়ন্ত্রণ, অর্থনীতি, বাণিজ্য, বিধি বা পরিচালনতন্ত্র সম্পর্কিত বিষয় লইয়া কার্যের পর্যাপ্ত জ্ঞান বা অভিজ্ঞতাসম্পন্ন যোগ্যতা ও খ্যাতির অধিকারী ব্যক্তি না হইলে বা না হইয়া থাকিলে ;

আপীলী ট্রাইবিউন্যালের প্রায়োগিক সদস্য (পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস) রূপে নিযুক্ত হইবার যোগ্য হইবেন না।

প্রায়োগিক সদস্য (পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস) - এর চাকরির শর্ত ও কড়ারসমূহ।

৩২। প্রায়োগিক সদস্য (পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস) - এর পদের মেয়াদ, প্রদেয় বেতন ও ভাতাসমূহ এবং চাকরির অন্য শর্ত ও কড়ারসমূহ, আপীলী ট্রাইবিউন্যালের অপর সদস্যগণের ক্ষেত্রে যেরূপ প্রযোজ্য হয়, সেরূপ হইবে।

আপীলী টাইবিউন্যালে আপীল।

৩৩। (১) এই আইন অনুযায়ী পর্ষদ কর্তৃক কৃত কোন আদেশ বা সিদ্ধান্তে ক্ষুব্ধ কোন ব্যক্তি আপীলী ট্রাইবিউন্যালে আপীল আনয়ন করিতে পারিবেন :

তবে, পর্ষদের অর্থদণ্ড উদগ্রহণের কোন আদেশ বা সিদ্ধান্তের বিরুদ্ধে আপীলকারী কোন ব্যক্তি, আপীল দায়ের করিবার কালে, অর্থদণ্ডের ঐরূপ অর্থপরিমাণ জমা দিবেন :

পরন্তু, যখন কোন নির্দিষ্ট মামলায় আপীলী ট্রাইবিউন্যালের এরূপ অভিমত হয় যে, ঐরূপ অর্থদণ্ড জমা দেওয়া ঐরূপ ব্যক্তির পক্ষে অবাঞ্ছিত কষ্টের কারণ ঘটায়, তখন উহা ঐরূপ অর্থদণ্ডের উশুল রক্ষাবন্ধের অধীন রাখিবার জন্য যেরূপ শর্তাবলী আরোপ করা উপযুক্ত গণ্য করিবেন সেরূপ শর্তাবলী সাপেক্ষে, ঐরূপ জমা হইতে অব্যাহতি প্রদান করিতে পারিবেন।

(২) (১) উপধারা অনুযায়ী প্রত্যেক আপীল, পর্ষদ কর্তৃক কৃত নির্দেশ বা সিদ্ধান্তের আদেশের প্রতিলিপি ক্ষুব্ধ ব্যক্তি কর্তৃক যে তারিখে প্রাপ্তি হয় সেই তারিখ হইতে ত্রিশ দিন সময়সীমার মধ্যে দায়ের করিতে হইতে এবং উহা, যেরূপ বিহিত হইবে সেরূপ ফরমে, সেরূপ প্রণালীতে সত্যাখ্যাত ও সেরূপ ফী সহ করিতে হইবে।

তবে যদি আপীলী ট্রাইবিউন্যালের প্রতীতি হয় যে, উক্ত ত্রিশ দিন সময়সীমার মধ্যে কোন আপীল দায়ের না করিবার পর্যাপ্ত কারণ ছিল, তাহাহইলে উহা, উক্ত সময়সীমা অবসিত হইবার পর, কোন আপীল গ্রহণ করিতে পারিবেন।

(৩) (১) উপধারা অনুযায়ী কোন আপীল প্রাপ্তির পর, আপীলী ট্রাইবিউন্যাল, পক্ষগণকে বক্তব্য শুনাইবার সুযোগ প্রদানের পর, তৎসম্পর্কে যেরূপ উপযুক্ত মনে করিবেন সেরূপ আদেশ প্রদান করিতে পারিবেন।

(৪) আপীলী ট্রাইবিউন্যাল তৎকর্তৃক প্রদত্ত প্রত্যেক আদেশের প্রতিলিপি আপীলের পক্ষগণকে এবং পর্ষদকে প্রেরণ করিবেন।

(৫) (১) উপধারা অনুযায়ী দায়ের করা কোন আপীল, আপীলী ট্রাইবিউন্যাল কর্তৃক যথাসম্ভব দ্রুততার সহিত বিবেচিত হইবে এবং আপীল প্রাপ্তির তারিখ হইতে নব্বই দিনের মধ্যে আপীল চূড়ান্তভাবে নিষ্পত্তি করিবার জন্য প্রয়াস চালানো হইবে :

তবে, যেক্ষেত্রে এরূপ কোন আপীল ঐরূপ নব্বই দিন সময়সীমার মধ্যে নিষ্পত্তি করা যায় নাই সেক্ষেত্রে আপীলী ট্রাইবিউন্যাল, আপীল উক্ত সময়সীমার মধ্যে নিষ্পত্তি না করিবার জন্য উহার কারণ অভিলিখিত করিবেন।

(৬) আপীলী ট্রাইবিউন্যাল, (১) উপধারা অনুযায়ী দায়ের করা আপীলে উল্লিখিত পর্যদের কোন আদেশ বা সিদ্ধান্তের বৈধতা অথবা যথার্থতা বা শুদ্ধতা পরীক্ষা করিবার প্রয়োজনে, স্বঃপ্রণোদনায় বা অন্যথা, ঐরূপ আপীল নিষ্পত্তি করিবার জন্য প্রাসঙ্গিক অভিলেখ তলব করিবেন এবং যেরূপ উপযুক্ত মনে করিবেন সেরূপ আদেশ প্রদান করিবেন।

আপীলী ট্রাইবিউন্যালের পদ্ধতি ও ক্ষমতাসমূহ।

৩৪। ইলেকট্রিসিটি অ্যাক্ট, ২০০৩ - এর ১২০ ও ১২৪ ধারাসমূহের (উভয় সমেত) বিধানসমূহ, প্রয়োজনীয় পরিবর্তনসহ উহারা ইলেকট্রিসিটি অ্যাক্ট ২০০৩ অনুযায়ী আপীলী ট্রাইবিউন্যালের কৃত্যসমূহ সম্পাদনের ক্ষেত্রে যেরূপ প্রযোজ্য হয় সেরূপে এই আইন অনুযায়ী উহার কৃত্যসমূহ সম্পাদনের ক্ষেত্রে প্রযোজ্য হইবে। ২০০৩ - এর ৩৬।

আপীলী ট্রাইবিউন্যালের নিয়মাবলী প্রণয়নের ক্ষমতা।

৩৫। আপীলী ট্রাইবিউন্যাল, প্রজ্ঞাপন দ্বারা, এই আইন অনুযায়ী তৎসমক্ষে সকল কার্যবাহ সংক্রান্ত পরিচালনা ও পদ্ধতি বিষয়ে এই আইনের বিধানসমূহের সহিত সমঞ্জস নিয়মাবলী প্রণয়ন করিবেন।

আপীলী ট্রাইবিউন্যাল কর্তৃক প্রদত্ত আদেশ ডিক্রিরূপে নির্বাহযোগ্য হইবে।

৩৬। (১) এই আইন অনুযায়ী আপীলী ট্রাইবিউন্যাল কর্তৃক প্রদত্ত প্রত্যেক আদেশ আপীলী ট্রাইবিউন্যাল কর্তৃক দেওয়ানী আদালতের ডিক্রিরূপে নির্বাহযোগ্য হইবে, এবং এই উদ্দেশ্যে, আপীলী ট্রাইবিউন্যালের দেওয়ানী আদালতের সকল ক্ষমতা থাকিবে।

(২) (১) উপধারায় যাহা কিছু আছে তৎসত্ত্বেও, আপীলী ট্রাইবিউন্যাল তৎকর্তৃক প্রদত্ত কোন আদেশ ক্ষেত্রাধিকারসম্পন্ন কোন দেওয়ানী আদালতের নিকট প্রেরণ করিতে পারিবেন এবং ঐরূপ দেওয়ানী আদালত, যেন উহা উক্ত আদালত কর্তৃক জারি করা ডিক্রি এরূপে উক্ত আদেশ নির্বাহ করিবেন।

সুপ্রিম কোর্টে আপীল।

৩৭। (১) কোড অফ সিভিল প্রসিডিওর, ১৯০৮ বা অন্য কোন বিধিতে যাহা কিছু আছে তৎসত্ত্বেও, উক্ত সংহিতার ১০০ ধারায় বিনির্দিষ্ট এক বা একাধিক কারণে, আপীলী ট্রাইবিউন্যালের অন্তর্বর্তী আদেশ নহে এরূপ কোন আদেশের বিরুদ্ধে সুপ্রিম কোর্টে আপীল করা চলিবে। ১৯০৮ - এর ৫।

(২) আপীলী ট্রাইবিউন্যাল কর্তৃক পক্ষগণের সম্মতি সহ প্রদত্ত কোন সিদ্ধান্ত বা আদেশের বিরুদ্ধে কোন আপীল করা চলিবে না।

(৩) এই ধারা অনুযায়ী আনীত প্রত্যেক আপীল, যে সিদ্ধান্ত বা আদেশের বিরুদ্ধে আপীল করা হইতেছে তাহার তারিখ হইতে নব্বই দিন সময়সীমার মধ্যে আনয়ন করিতে হইবে :

তবে, যদি সুপ্রিম কোর্টের প্রতীতি হয় যে, আপীলকারী পর্যাপ্ত কারণে যথাসময়ে আপীল আনয়ন করিতে বাধাপ্রাপ্ত হইয়াছিলেন, তাহাহইলে উহা উক্ত নব্বই দিন সময়সীমা অবসিত হইবার পর কোন আপীল গ্রহণ করিতে পারিবেন।

## অধ্যায় ৭

### বিত্ত, হিসাব ও নিরীক্ষা

কেন্দ্রীয় সরকার কর্তৃক মঞ্জুরি।

৩৮। কেন্দ্রীয় সরকার, বিধি দ্বারা সংসদ কর্তৃক এতৎপক্ষে কৃত যথাযোগ্য উপযোজনের পর, চেয়ারপার্সন ও অপর সদস্যগণকে বেতন ও ভাতা প্রদান পর্ষদের আধিকারিক ও কর্মিবৃন্দকে প্রদেয় বেতন, ভাতা ও পেনসন সমেত প্রশাসনিক ব্যয়ের জন্য যেরূপ আবশ্যক হয় সেরূপ পরিমাণ অর্থাঙ্ক পর্ষদকে মঞ্জুর করিবেন।

তহবিল।

৩৯। (১) পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস নিয়ন্ত্রণ পর্ষদ তহবিল নামে একটি তহবিল গঠিত হইবে এবং উহাতে -

(i) পর্ষদ কর্তৃক এই আইন অনুযায়ী প্রাপ্ত সকল মঞ্জুরি, ফি, অর্থদণ্ড ও প্রভার জমা হইবে; এবং

(ii) কেন্দ্রীয় সরকার কর্তৃক যেরূপ অনুমোদিত হয় সেরূপ অপর উৎসসমূহ হইতে পর্ষদ কর্তৃক প্রাপ্ত সকল অর্থাঙ্ক জমা হইবে।

(২) তহবিল —

(i) চেয়ারপার্সন ও অপর সদস্যগণকে প্রদেয় বেতন ও ভাতা এবং পর্ষদের আধিকারিক ও কর্মিবৃন্দকে প্রদেয় বেতন, ভাতা ও পেনসন সহ প্রশাসনিক ব্যয় বাবত ব্যবহৃত হইবে;

(ii) এই আইনের বিধানসমূহ কার্যে রূপায়িত করিবার জন্য যে ব্যয় নির্বাহিত হইয়াছে বা নির্বাহিত হইতে পারে তাহার জন্য অর্থ প্রদানে ব্যবহৃত হইবে।

(৩) কেন্দ্রীয় সরকার –

(i) বেতন, ভাতা ও অপর সকল ব্যয়ের জন্য পর্ষদের বাজেট সংক্রান্ত আবশ্যকতা উক্ত সরকারকে সুপারিশ করিবার জন্য যেরূপ উপযুক্ত মনে করিবেন সেরূপ ব্যক্তিগণকে লইয়া একটি কমিটি গঠন করিবেন; এবং

(ii) কমিটির সুপারিশসমূহের ভিত্তিতে পর্ষদের বাজেটসংক্রান্ত উর্ধ্বসীমা স্থির করিবেন।

হিসাব ও নিরীক্ষা।

৪০। (১) পর্ষদ যথাযথ হিসাব ও অন্য প্রাসঙ্গিক অভিলেখসমূহ রক্ষণাবেক্ষণ করিবেন এবং কেন্দ্রীয় সরকার কর্তৃক ভারতের মহা হিসাব-নিয়ামক ও নিরীক্ষকের সহিত পরামর্শক্রমে, যেরূপ বিহিত হইবে সেরূপ ফরমে, হিসাবের বার্ষিক বিবৃতি প্রস্তুত করিবেন।

(২) পর্ষদের হিসাব ভারতের মহা হিসাব-নিয়ামক ও নিরীক্ষক কর্তৃক তৎকর্তৃক যেরূপ বিনির্দিষ্ট হইবে সেরূপ সময়ের ব্যবধানে, নিরীক্ষিত হইবে এবং ঐরূপ নিরীক্ষার সহিত সম্পর্কিত কোন নির্বাহিত ব্যয় পর্ষদ কর্তৃক ভারতের মহা হিসাব-নিয়ামক ও নিরীক্ষককে প্রদেয় হইবে।

**ব্যাখ্যা।** - সন্দেহসমূহ দূরীকরণের জন্য, ঘোষণা করা হইতেছে যে, এই আইন অনুযায়ী কৃত্যসমূহ সম্পাদনকালে পর্ষদের কোন সিদ্ধান্ত আপীলী ট্রাইবিউন্যালে আপীলযোগ্য হইবার কারণে এই ধারা অনুযায়ী নিরীক্ষার বিষয় হইবে না।

(৩) ভারতের মহা হিসাব-নিয়ামক ও নিরীক্ষক বা তৎকর্তৃক নিযুক্ত অপর কোন ব্যক্তির পর্ষদের হিসাব নিরীক্ষার সম্পর্কে, তাঁহার সরকারী হিসাব নিরীক্ষা সম্পর্কিত একই অধিকার ও বিশেষাধিকার ও প্রাধিকার থাকিবে এবং, বিশেষতঃ বহি, হিসাব, সংশ্লিষ্ট প্রমাণক ও অন্য দস্তাবেজসমূহ এবং কাগজপত্রের উপস্থাপন দাবী করিবার এবং পর্ষদের কার্যালয় পরিদর্শন করিবার অধিকার থাকিবে।

(৪) ভারতের মহা হিসাব-নিয়ামক ও নিরীক্ষক বা তৎকর্তৃক এতৎপক্ষে নিযুক্ত অপর কোন ব্যক্তি কর্তৃক যথা-শংসিত পর্ষদের হিসাব ও তৎসহ তৎসম্পর্কিত নিরীক্ষা প্রতিবেদন, বাৎসরিকভাবে, কেন্দ্রীয় সরকারের নিকট প্রেরিত হইবে এবং উক্ত সরকার উহা সংসদের উভয় সদনের সমক্ষে স্থাপন করাইবেন।

বার্ষিক প্রতিবেদন ও সংসদের সমক্ষে উহার স্থাপন।

৪১। (১) পর্ষদ, যেরূপ বিহিত হইবে সেরূপ ফরমে ও সেরূপ সময়ে, বিগত বৎসরের কার্যবাহ ও নীতিসমূহ সম্পর্কিত তথ্যসমেত উহার কার্যকলাপের সংক্ষিপ্তসার প্রদান করিয়া প্রত্যেক বৎসরে একবার একটি বার্ষিক প্রতিবেদন প্রস্তুত করিবেন এবং উক্ত প্রতিবেদনে পর্ষদের বার্ষিক হিসাবের প্রতিলিপিও থাকিবে।

(২) প্রতিবেদনের প্রতিলিপি কেন্দ্রীয় সরকারের নিকট প্রেরণ করা হইবে এবং কেন্দ্রীয় সরকার, ঐরূপ প্রতিবেদন, উহা প্রাপ্ত হইবার পর যথাসম্ভব শীঘ্র, সংসদের উভয় সভার সমক্ষে স্থাপন করাইবেন।

## অধ্যায় ৮

## কেন্দ্রীয় সরকারের ক্ষমতা

কেন্দ্রীয় সরকারের নির্দেশ জরি করিবার ক্ষমতা।

৪২। (১) কেন্দ্রীয় সরকার, সময়ে সময়ে, ভারতের সার্বভৌমত্ব ও সংহতি, রাষ্ট্রের নিরাপত্তা, বিদেশি রাষ্ট্রসমূহের সহিত বন্ধুত্বপূর্ণ সম্পর্ক বা সার্বজনিক শৃঙ্খলার স্বার্থে, যেরূপ আবশ্যক মনে করিবেন, পর্ষদকে লিখিতভাবে সেরূপ নির্দেশসমূহ জারি করিতে পারিবেন।

(২) পূর্বগামী বিধান ক্ষুণ্ণ না করিয়া, কেন্দ্রীয় সরকার, যদি উহা, জনস্বার্থে, ঐরূপ করা আবশ্যক ও সঙ্গত বলিয়া দেখেন তাহাহইলে, অথবা পেট্রোলিয়াম, পেট্রোলিয়ামজাত দ্রব্য ও প্রাকৃতিক গ্যাস সরবরাহ বজায় রাখা বা উহাদের সকল বা কোনটির জন্য অথবা উহাদের ন্যায্যবন্টন নিশ্চিত ও পর্যাপ্ত প্রাপ্তিসাধ্যতা সুনিশ্চিত করিবার জন্য পর্ষদকে লিখিতভাবে নীতি নির্দেশিকা জারি করিবেন এবং ঐরূপ নীতি নির্দেশিকা পর্ষদের উপর বাধ্যকর হইবে :

তবে, এরূপ কোন নির্দেশিকা পর্ষদের দৈনন্দিন কার্যাবলীর সহিত সম্পর্কিত হইবে না :

পরন্তু, এই উপধারা অনুযায়ী নির্দেশিকা জারিকৃত হইবার পূর্বে, পর্ষদকে, যতদূর কার্যতঃ সম্ভব, উহার অভিমত প্রকাশ করিবার সুযোগ প্রদান করা হইবে।

(৩) কোন প্রশ্ন নীতিগত প্রশ্ন কিনা এই বিষয়ে কেন্দ্রীয় সরকারের সিদ্ধান্ত চূড়ান্ত হইবে।

জনস্বার্থে কোন সত্তার সুবিধাসমূহ ও ব্যবসার ভূগৃহাদি পরিসর এবং খুচরা বিক্রয়কেন্দ্রসমূহের নিয়ন্ত্রণ ও পরিচালন ভার গ্রহণ।

৪৩। যুদ্ধ বা প্রাকৃতিক দুর্যোগ বা সমতুল পরিস্থিতির দরুন পেট্রোলিয়াম, পেট্রোলিয়ামজাত দ্রব্য বা প্রাকৃতিক গ্যাসের সরবরাহ বিঘ্নিত হইলে কেন্দ্রীয় সরকার, পেট্রোলিয়াম, পেট্রোলিয়ামজাত দ্রব্য বা প্রাকৃতিক গ্যাসের নিরন্তর সরবরাহ সুনিশ্চিত করিবার জন্য, প্রজ্ঞাপন দ্বারা, হয় কোন সত্তার ভাণ্ডারজাতকরণ স্থল; সুবিধাসমূহ ও ব্যবসার ভূগৃহাদি পরিসর এবং খুচরা বিক্রয়কেন্দ্রসমূহের নিয়ন্ত্রণ ও পরিচালনার গ্রহণ করিবেন, অথবা উহার

ক্রিয়াকলাপ নিলম্বিত করিবেন বা কেন্দ্রীয় বা রাজ্য সরকারের কোন এজেন্সিকে, উক্ত প্রজ্ঞাপনে যেরূপ বিনির্দিষ্ট হইবে, সেরূপ সময়ের জন্য এবং সেরূপ প্রণালীতে, পরিচালন করিবার জন্য ভারার্পণ করিবেন :

তবে, খুচরা বিক্রয়কেন্দ্রসমূহ ও ব্যবসার অন্য ভূ-গৃহাদি পরিসরসমূহের নিয়ন্ত্রণ ও পরিচালনভার গ্রহণ করিবার আদেশ প্রদানের পূর্বে, ক্ষতিগ্রস্ত সত্তাগণকে বক্তব্য শুনাইবার সুযোগ প্রদান করা হইবে :

পরন্তু, কোন জরুরী ক্ষেত্রে বা পর্যাপ্ত সময়ের অভাবে বা অন্যথা যে সত্তাকে উক্ত আদেশ প্রদত্ত হইয়াছে তাহাকে নোটিশ প্রদানের পরিস্থিতি যদি না থাকে, তাহাহইলে বিনির্দিষ্ট সময়সীমার জন্য পেট্রোলিয়াম, পেট্রোলিয়ামজাত দ্রব্য বা প্রাকৃতিক গ্যাসের অবিরাম সরবরাহ বজায় রাখিবার জন্য, জনস্বার্থে, শুনানির সুযোগ বাদ দেওয়া যাইবে।

(২) (১) উপধারা অনুযায়ী জারিকৃত প্রজ্ঞাপনে উল্লিখিত সম্পত্তি যে রাজস্ব জেলায় অবস্থিত, তাহার কালেক্টর সম্পত্তির ভার গ্রহণের জন্য প্রদেয় ক্ষতিপূরণের অর্থপরিমাণ নির্ধারণ করিবেন।

(৩) এই ধারা অনুযায়ী ক্ষতিপূরণ দাবি করিবার জন্য আবেদন যে ফরমে ও প্রণালীতে করিতে হইবে, ক্ষতিপূরণ নির্ধারণের প্রক্রিয়া এবং যে সময়ের মধ্যে ঐরূপ ক্ষতিপূরণ প্রদেয় হইবে তাহা, যেরূপ বিহিত হইবে, সেরূপ হইবে।

## অধ্যায় ৯

### অপরাধ ও শাস্তি

পর্ষদের নির্দেশসমূহ উল্লঙ্ঘনের জন্য শাস্তি।

৪৪। যদি কোন ব্যক্তি পর্ষদের নির্দেশসমূহ উল্লঙ্ঘন করেন, তাহাহইলে ঐরূপ ব্যক্তি পঁচিশ কোটি টাকা পর্যন্ত হইতে পারে এরূপ জরিমানায় এবং ধারাবাহিক উলঙ্ঘনের ক্ষেত্রে যে দিনসমূহের জন্য উল্লঙ্ঘন চলিতে থাকে তাহার প্রত্যেক দিনের জন্য দশ লক্ষ টাকা পর্যন্ত হইতে পারে এরূপ অতিরিক্ত জরিমানায় দণ্ডনীয় হইবেন।

আপীলী ট্রাইবিউন্যালের আদেশসমূহ পালনে ইচ্ছাকৃত ব্যর্থতার জন্য দণ্ড।

৪৫। যদি কোন ব্যক্তি আপীলী ট্রাইবিউন্যালের আদেশ পালন করিতে ইচ্ছাকৃতভাবে ব্যর্থ হন, তাহাহইলে তিনি এক কোটি টাকা পর্যন্ত হইতে পারে এরূপ জরিমানায় এবং দ্বিতীয় বা পরবর্তী অপরাধের ক্ষেত্রে দুই কোটি টাকা পর্যন্ত হইতে পারে এরূপ জরিমানায় এবং ধারাবাহিক উল্লঙ্ঘনের ক্ষেত্রে যে দিনসমূহের জন্য খেলাপ চলিতে থাকে তাহার প্রত্যেক দিনের জন্য কুড়ি লক্ষ টাকা পর্যন্ত হইতে পারে এরূপ অতিরিক্ত জরিমানায় দণ্ডনীয় হইবেন।

অপ্রাধিকৃত কার্যকলাপের জন্য দণ্ড।

৪৬। যদি সত্তা এইরূপ কোন ব্যক্তি প্রজ্ঞাপিত পেট্রোলিয়াম, পেট্রোলিয়ামজাত দ্রব্য বা প্রাকৃতিক গ্যাস বৈধ রেজিস্ট্রিকরণ বা প্রাধিকৃতকরণ ব্যতীত বিপণন করেন, তাহাহইলে ঐরূপ ব্যক্তি তিন বৎসর পর্যন্ত হইতে পারে এরূপ মেয়াদের কারাবাসে বা পঁচিশ কোটি টাকা পর্যন্ত হইতে পারে এরূপ জরিমানায় বা উভয়থা এবং ধারাবাহিক উল্লঙ্ঘনের ক্ষেত্রে যে দিনসমূহের জন্য উল্লঙ্ঘন চলিতে থাকে তাহার প্রত্যেক দিনের জন্য দশ লক্ষ টাকা পর্যন্ত হইতে পারে এরূপ অতিরিক্ত জরিমানায় দণ্ডনীয় হইবেন।

রেজিস্ট্রিকরণ ব্যতীত তরলায়িত প্রাকৃতিক গ্যাস টার্মিনাল স্থাপন ও চালনার জন্য দণ্ড।

৪৭। যদি কোন ব্যক্তি ১৫ ধারায় যথা অনুজ্ঞাত রেজিস্ট্রিকরণ ব্যতীত কোন তরলায়িত প্রাকৃতিক গ্যাস টার্মিনাল স্থাপন বা চালনা করেন তাহাহইলে ঐরূপ ব্যক্তি তিন বৎসর পর্যন্ত হইতে পারে এরূপ মেয়াদের কারাবাসে বা পঁচিশ কোটি টাকা পর্যন্ত হইতে পারে এরূপ অর্থদণ্ডে বা উভয়থা, এবং ধারাবাহিক উল্লঙ্ঘনের ক্ষেত্রে যে দিনগুলির জন্য উল্লঙ্ঘন চলিতে থাকে তাহার প্রত্যেক দিনের জন্য দশ লক্ষ টাকা পর্যন্ত হইতে পারে এরূপ অতিরিক্ত জরিমানায়, দণ্ডপ্রাপ্ত হইবার দায়িতাধীন হইবেন।

প্রাধিকৃতকরণ ব্যতীত সার্বজনীন বাহক বা সংবিদাবদ্ধ বাহক স্থাপন নির্মাণ, চালনা বা সম্প্রসারণের জন্য দণ্ড।

৪৮। যদি কোন ব্যক্তি ১৯ ধারা অনুযায়ী অনুজ্ঞাত প্রাধিকৃতকরণ প্রাপ্ত না হইয়া, সার্বজনীন বাহক বা সংবিদাবদ্ধ বাহক বা কোন নগর বা স্থানীয় প্রাকৃতিক গ্যাস বিতরণ পরিকাঠামো স্থাপন, নির্মাণ, চালনা বা সম্প্রসারণ করেন, তাহাহইলে ঐরূপ ব্যক্তি তিন বৎসর পর্যন্ত হইতে পারে এরূপ মেয়াদের কারাবাসে বা পঁচিশ কোটি টাকা পর্যন্ত হইতে পারে এরূপ অর্থদণ্ডে বা উভয়থা, এবং ধারাবাহিক উল্লঙ্ঘনের ক্ষেত্রে, যে দিনসমূহের জন্য উল্লঙ্ঘন চলিতে থাকে তাহার প্রত্যেক দিনের জন্য দশ লক্ষ টাকা পর্যন্ত হইতে পারে এরূপ অতিরিক্ত জরিমানায় দণ্ডনীয় হইবেন।

সার্বজনীন বাহক বা সংবিদাবদ্ধ বাহকের ইচ্ছাকৃত ক্ষতিসাধনের জন্য দণ্ড।

৪৯। প্রত্যেক ব্যক্তি যিনি ইচ্ছাকৃতভাবে কোন পাইপলাইন বা নগর বা স্থানীয় প্রাকৃতিক গ্যাস বিতরণ পরিকাঠামো অথবা সার্বজনীন বাহক বা সংবিদাবদ্ধ বাহকের পেট্রোলিয়াম, পেট্রোলিয়ামজাত দ্রব্য বা প্রাকৃতিক গ্যাস সরবরাহের জন্য অপর কোন কৃতির অপসারণ, নষ্ট বা ক্ষতিসাধন করেন, তিনি ঐরূপ প্রত্যেক অপরাধের জন্য তিন বৎসর পর্যন্ত হইতে পারে এরূপ মেয়াদের কারাবাসে বা পঁচিশ কোটি টাকা পর্যন্ত হইতে পারে এরূপ জরিমানায় বা উভয়থা এবং ধারাবাহিক উল্লঙ্ঘনের ক্ষেত্রে, যে দিনসমূহের জন্য ঐরূপ উল্লঙ্ঘন চলিতে থাকে তাহার প্রত্যেক দিনের জন্য দশ লক্ষ টাকা পর্যন্ত হইতে পারে এরূপ অতিরিক্ত জরিমানায় দণ্ডনীয় হইবেন।

কোম্পানিসমূহ কর্তৃক অপরাধ।

৫০। যেক্ষেত্রে এই ধারা অনুযায়ী কোন অপরাধ কোন কোম্পানি কর্তৃক কৃত হইয়াছে সেক্ষেত্রে প্রত্যেক ব্যক্তি যিনি ঐ অপরাধ সংঘটনের সময়ে কোম্পানির ব্যবসায় চালনার ভারপ্রাপ্ত ছিলেন ও কোম্পানির নিকট দায়ী ছিলেন, তিনি এবং উক্ত কোম্পানি, ঐ অপরাধে দোষী বলিয়া গণ্য হইবেন এবং তদ্বিরুদ্ধে কার্যবাহ আনীত হইবার দায়িতাধীন হইবেন ও তদনুযায়ী দণ্ডিত হইবেন :

তবে, ঐরূপ ব্যক্তি যদি ইহা প্রমাণ করেন যে, অপরাধ তাহার জ্ঞাতসারে সংঘটিত হয় নাই অথবা তিনি ঐরূপ অপরাধ সংঘটন রোধে সর্বপ্রকারের যথোচিত অধ্যাবসায় প্রয়োগ করিয়াছেন, তাহাহইলে এই উপধারার কোন কিছুই তাহাকে এই আইনে ব্যবস্থিত কোন দণ্ডের দায়িতাধীন করিবে না।

(২) (১) উপধারায় যাহা কিছু আছে তৎসত্ত্বেও, যেক্ষেত্রে এই আইন অনুযায়ী কোন অপরাধ কোন কোম্পানি কর্তৃক সংঘটিত হইয়াছে, এবং ইহা প্রমাণিত হইয়াছে যে, অপরাধ কোম্পানির ডাইরেক্টর, ম্যানেজার, সচিব বা অপর আধিকারিকের সম্মতি বা মৌনানুমোদন সহ সংঘটিত হইয়াছে বা তাঁহাদের কোন গাফিলতির উপর আরোপনীয়, সেক্ষেত্রে, ঐরূপ ডাইরেক্টর ম্যানেজার, সচিব বা অপর আধিকারিকও অপরাধে দোষী বলিয়া গণ্য হইবেন এবং তদ্বিরুদ্ধে কার্যবাহ আনীত হইবার দায়িতাধীন হইবেন ও তদনুসারে দণ্ডিত হইবেন।

ব্যাখ্যা। - এই ধারার প্রয়োজনে, —

(ক) "কোম্পানি" বলিতে কোন নিগমিত সংস্থা বুঝায় এবং কোন ফার্ম বা অন্য ব্যক্তিসমূহের পরিমেলকে অন্তর্ভুক্ত করে; এবং

(খ) কোন ফার্ম সম্পর্কিত "ডাইরেক্টর" বলিতে ফার্মের অংশীদারকে বুঝায়।

## অধ্যায় ১০

### বিবিধ

উপাত্ত ভাণ্ডার ও তথ্যের রক্ষণাবেক্ষণ।

৫১। (১) পর্যদ, প্রনিয়মাবলীর দ্বারা যেরূপ বিহিত হইবে সেরূপ ফরমে ও প্রণালীতে পেট্রোলিয়াম, পেট্রোলিয়ামজাত দ্রব্য ও প্রাকৃতিক গ্যাস লইয়া কারবারের সহিত জড়িত সত্তাগণের কার্যকলাপ সম্পর্কিত উপাত্ত ভাণ্ডার ও তথ্যব্যবস্থা রক্ষণাবেক্ষণ করিবেন।

(২) পর্যদের সত্তাগণ কর্তৃক প্রদত্ত উপাত্তের সত্যতা যাচাই করিবার এবং এই উদ্দেশ্যে কোন ব্যক্তিকে নিযুক্ত করিবার এবং যেরূপ আবশ্যক বিবেচনা করিবেন সেরূপ ব্যবস্থা গ্রহণ করিবার ক্ষমতা থাকিবে।

সত্তাগণের দায়িতাসমূহ।

৫২। (১) প্রত্যেক সত্তা -

(ক) পর্যদ কর্তৃক প্রনিয়মাবলীর দ্বারা যেরূপ বিনির্দিষ্ট হইবে সেরূপ দস্তাবেজরূপ অভিলেখ রক্ষা করিবেন;

(খ) পর্যদ কর্তৃক যেরূপ বিনির্দিষ্ট হইবে সেরূপ সুবিধাসমূহ ও দস্তাবেজরূপ অভিলেখসমূহের, পর্যদ কর্তৃক প্রাধিকৃত কোন ব্যক্তি কর্তৃক পরিদর্শনের অনুমতি দিবেন।

(গ) প্রাধিকৃতকরণের দস্তাবেজে পর্যদ কর্তৃক যেরূপ বিনির্দিষ্ট হইবে সেরূপ সময়সীমার মধ্যে, যে কার্যকলাপের জন্য প্রাধিকৃতকরণ মঞ্জুর করা হইয়াছে তাহার কার্যসূচনা করিবেন;

(ঘ) (i) পর্যদের সহিত পেট্রোলিয়াম, পেট্রোলিয়ামজাত দ্রব্য ও প্রাকৃতিক গ্যাস সরবরাহের জন্য পাইপলাইনের ব্যবহার সম্বন্ধীয় চুক্তি রেজিস্ট্রিকৃত করিবেন; বা

(ii) পর্যদ প্রনিয়মাবলীর দ্বারা যেরূপ নির্ধারণ করিবেন সেরূপ অন্য কোন দস্তাবেজ রেজিস্ট্রিকৃত করিবেন;

(ঙ) বিপণন পরিষেবা দায়িতাসমূহ ও খুচরা পরিষেবা দায়িতাসমূহ পালন করিবেন।

(২) পর্যদ কোন সত্তার নিকট হইতে স্বচ্ছতা সুনিশ্চিত করিবার জন্য বা সত্তার প্রকৃত মালিকানা নিশ্চিত করিবার জন্য যে তথ্য আবশ্যক বলিয়া বিবেচিত হয় তৎসহ সত্তার নিকট হইতে যে কোন তথ্য তলব করিতে পারিবেন।

(৩) পর্যদ বা পর্যদ কর্তৃক প্রাধিকৃত কোন আধিকারিকের পরিদর্শনের ও সত্তাগণের নিকট হইতে, যখনই আবশ্যক তখন, যে কোন তথ্য পাইবার ক্ষমতা থাকিবে।

(৪) প্রাধিকৃতকরণের শর্ত ও কড়ারসমূহের কার্যকরভাবে বলবৎকরণের জন্য, পর্ষদ বা উক্ত উদ্দেশ্যে উহা কর্তৃক প্রাধিকৃত কোন আধিকারিকের, কোম্পানিজ অ্যাক্ট, ১৯৫৬-র ২০৯ক ধারা অনুযায়ী যথাব্যবস্থিত পরিদর্শনকারী আধিকারিকের সকল ক্ষমতা থাকিবে। ১৯৫৬-র ১।

(৫) এই ধারা অনুযায়ী পর্ষদ প্রদত্ত নির্দেশসমূহ পালন করা প্রত্যেক সত্তার কর্তব্য হইবে।

(৬) পর্ষদ সত্তাগণের নিকট হইতে তৎকর্তৃক প্রাপ্ত তথ্য ও অভিলেখের গোপনীয়তা রক্ষা করিবেন এবং উহাতে অন্তর্ভুক্ত কোন তথ্য, জনস্বার্থের কারণে ব্যতীত, কোন ব্যক্তি বা প্রাধিকারের নিকট প্রকাশ করিবেন না।

কেন্দ্রীয় সরকারকে রিটার্ন ইত্যাদি দাখিল।

৫৩। এই আইন অনুযায়ী প্রস্তাবিত বা বিদ্যমান কার্যকলাপ সংশ্লিষ্ট কোন বিষয় সম্পর্কে কেন্দ্রীয় সরকার সময়ে সময়ে যেরূপ অনুজ্ঞাত করিবেন সেরূপ রিটার্ন ও বিবৃতি এবং বিবরণ পর্ষদ, কেন্দ্রীয় সরকারকে, যেরূপ বিহিত হইবে সেরূপ সময় ফরম ও প্রণালীতে অথবা কেন্দ্রীয় সরকার যেরূপ নির্দেশ দিবেন সেরূপে দাখিল করিবেন।

চেয়ারপার্সন, সদস্যগণ, ইতাদি সরকারী কর্মচারী হইবেন।

৫৪। পর্ষদের চেয়ারপার্সন, সদস্যগণ এবং আধিকারিক ও অন্য কর্মচারিগণ এবং আপীলী ট্রাইবিউন্যালের প্রায়োগিক সদস্য (পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস) যখন এই আইনের বিধানসমূহের কোনটির অনুসরণে কার্যরত বা কর্মরত বলিয়া অভিপ্রেত হন তখন ভারতীয় দণ্ড সংহিতার ২১ ধারার অর্থের মধ্যে সরকারী কর্মচারী বলিয়া গণ্য হইবেন। ১৮৬০-র ৪৫।

সরল বিশ্বাসে গৃহীত ব্যবস্থার রক্ষণ।

৫৫। কেন্দ্রীয় সরকার, পর্ষদ, প্রায়োগিক সদস্য বা আপীলী ট্রাইবিউন্যাল অথবা কেন্দ্রীয় সরকারের কোন আধিকারিক অথবা পর্ষদের কোন চেয়ারপার্সন, সদস্য, আধিকারিক বা অপর কর্মচারী অথবা আপীলী ট্রাইবিউন্যালের প্রায়োগিক সদস্য (পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস)-এর বিরুদ্ধে এই আইন বা তদধীনে প্রণীত নিয়ম বা প্রনিয়মাবলী অনুযায়ী সরলবিশ্বাসে কৃত বা কৃত হইবে বলিয়া অভিপ্রেত কোন কিছুর জন্য কোন মোকদ্দমা, অভিযুক্তি বা বৈধিক কার্যবাহ চলিবে না।

দেওয়ানী আদালতের ক্ষেত্রাধিকার থাকিবে না।

৫৬। কোন পর্ষদ বা আপীলী ট্রাইবিউন্যাল এই আইন দ্বারা বা অনুযায়ী যে বিষয় নির্ধারণ করিবার জন্য ক্ষমতাপন্ন সেরূপ বিষয় সম্পর্কে কোন দেওয়ানী আদালতের কোন মোকদ্দমা বা কার্যবাহ গ্রহণ করিবার ক্ষেত্রাধিকার থাকিবে না এবং এই আইন দ্বারা বা অনুযায়ী অর্পিত ক্ষমতার অনুসরণক্রমে গৃহীত বা গৃহীত হইবে এরূপ ব্যবস্থা সম্বন্ধে কোন আদালত বা অন্য প্রাধিকার কর্তৃক কোন আসেধাজ্ঞা মঞ্জুর করা হইবে না।

কতিপয় অপরাধসমূহের প্রগ্রহণ।

৫৭। (১) কোন আদালত, পর্ষদ কর্তৃক বা কেন্দ্রীয় সরকার কর্তৃক নির্দেশিত অনুসন্ধানকারী এজেন্সি কর্তৃক কৃত অভিযোগ ব্যতীত, ৯ অধ্যায় অনুযায়ী দণ্ডনীয় কোন অপরাধের প্রগ্রহণ করিবে না।

(২) মুখ্য মেট্রোপলিটান ম্যাজিস্ট্রেট বা মুখ্য বিচারিক ম্যাজিস্টেটের আদালতের নিম্নতর কোন আদালত ৯ অধ্যায় অনুযায়ী দণ্ডনীয় কোন অপরাধের বিচার করিবেন না।

(৩) ৪৪, ৪৫, ৪৬ এবং ৪৭ ধারা অনুযায়ী দণ্ডনীয় প্রত্যেক অপরাধ প্রগ্রাহ্য হইবে।

প্রত্যভিযোজন।

৫৮। পর্ষদ, সাধারণ বা বিশেষ লিখিত আদেশ দ্বারা, ঐ আদেশে যেরূপ বিনির্দিষ্ট হইবে, সেরূপ শর্তাবলী কিছু থাকিলে, তৎসাপেক্ষে, উহা যেরূপ আবশ্যক গণ্য করিবেন উহার সেরূপ ক্ষমতা ও কৃত্যসমূহ (৬ অধ্যায় অনুযায়ী বিরোধ মীমাংসা এবং ৬১ ধারা অনুযায়ী প্রনিয়মাবলী

প্রণয়নের ক্ষমতা ব্যতীত) পর্ষদের কোন সদস্য বা আধিকারিককে প্রত্যভিযোজন করিতে পারিবেন।

অসুবিধাসমূহ অপসারণের ক্ষমতা।

৫৯।(১) যদি এই আইনের বিধানসমূহ কার্যকর করিতে গিয়া কোন অসুবিধা দেখা দেয়, তাহাহইলে কেন্দ্রীয় সরকার, সরকারী গেজেটে প্রকাশিত আদেশ দ্বারা, অসুবিধাসমূহ দূরীকরণের জন্য যেরূপ আবশ্যক গণ্য করিবেন এই আইনের বিধানসমূহের সহিত অসমঞ্জস নহে সেরূপ বিধানসমূহ প্রণয়ন করিতে পারিবেন :

তবে, এই আইনের প্রারম্ভের তারিখ হইতে দুই বৎসর অবসিত হইবার পর, এই ধারা অনুযায়ী কোন আদেশ প্রদান করা যাইবে না।

(২) এই ধারা অনুযায়ী কৃত সকল আদেশ, উহা কৃত হইবার পর যথাসম্ভব শীঘ্র, সংসদের প্রত্যেক সদনের সমক্ষে স্থাপন করা হইবে।

কেন্দ্রীয় সরকারের নিয়মাবলী প্রণয়নের ক্ষমতা।

৬০।(১) কেন্দ্রীয় সরকার, প্রজ্ঞাপন দ্বারা, এই আইনের বিধানসমূহকে কার্যে পরিণত করিবার জন্য, নিয়মাবলী প্রণয়ন করিতে পারিবেন।

(২) বিশেষত ও পূর্বগামী ক্ষমতার ব্যাপকতা ক্ষুণ্ণ না করিয়া, ঐরূপ নিয়মাবলী নিম্নলিখিত সকল বা যে কোন বিষয়ের জন্য ব্যবস্থা করিতে পারিবে যথা :

(ক) ৫ ধারার (৪) উপধারা অনুযায়ী চেয়ারপার্সন ও অন্য সদস্যগণকে প্রদেয় বেতন ও ভাতাসমূহ এবং তাঁহাদের চাকরির অপর শর্তসমূহ;

(খ) ৭ ধারা অনুযায়ী কোন ব্যক্তিকে নিয়োগের প্রক্রিয়া বা কোন প্রাধিকার গঠন ও অনুসন্ধান পরিচালনা ;

(গ) ১০ ধারার (৩) উপধারা অনুযায়ী পর্ষদের সচিব, আধিকারিকগণ ও অন্য কর্মিগণকে প্রদেয় বেতন ও ভাতাসমূহ এবং তাঁহাদের চাকরির অপর শর্ত ও কড়ারসমূহ ;

(ঘ) এরূপ অপর কোন বিষয় যাহার ক্ষেত্রে পর্ষদ ১৩ ধারার (১) উপধারার (ছ) প্রকরণ অনুযায়ী দেওয়ানী আদালতের ক্ষমতা প্রয়োগ করিতে পারেন ;

(ঙ) ১৫ ধারার (১) উপধারা অনুযায়ী রেজিস্ট্রিকরণের জন্য কোন সত্তাকে যে যোগ্যতার শর্তসমূহ পূরণ করিতে হইবে;

(চ) ৩৩ ধারার (২) উপধারা অনুযায়ী আপীলের ফরম এবং ঐরূপ ফরম সত্যাখ্যানের প্রণালী এবং ঐরূপ ফরমের সহিত যে ফী প্রদান করিতে হইবে;

(ছ) ৪০ ধারার (১) উপধারা অনুযায়ী যে প্রণালীতে পর্ষদের হিসাব রক্ষা করিতে হইবে ;

(জ) ৪১ ধারার (১) উপধারা অনুযায়ী যে সময়ে ও প্রণালীতে পর্ষদের বার্ষিক প্রতিবেদন প্রস্তুত করিতে হইবে;

(ছ) ৪৩ ধারার (৩) উপধারা অনুযায়ী যে ফরমে ও প্রণালীতে ক্ষতিপূরণ দাবি করিবার আবেদন করিতে হইবে; ক্ষতিপূরণ নির্ধারণের প্রক্রিয়া এবং যে সময়ের মধ্যে ঐরূপ ক্ষতিপূরণ প্রদেয় হইবে;

(ঞ) ৫৩ ধারা অনুযায়ী যে সময়ে ও প্রণালীতে রিটার্ণসমূহ ও বিবৃতিসমূহ পর্ষদ কর্তৃক কেন্দ্রীয় সরকারকে দাখিল করিতে হইবে ;

(ট) অন্য কোন বিষয় যাহা বিহিত হইবে বা বিহিত হইতে পারিবে অথবা যৎসম্পর্কে, নিয়মাবলীর দ্বারা, বিধানাবলী প্রণয়ন করিতে হইবে।

নিয়মাবলী প্রণয়নে পর্ষদের ক্ষমতা।

৬১। (১) এই আইনের বিধানাবলী কার্যে পরিণত করিবার জন্য পর্ষদ প্রজ্ঞাপন দ্বারা এই আইনের বিধানাবলী এবং তদধীনে প্রণীত নিয়মাবলীর সহিত সমঞ্জস প্রনিয়মাবলী প্রণয়ন করিতে পারিবেন।

(২) বিশেষতঃ এবং পূর্বগামী ক্ষমতার ব্যাপকতা ক্ষুণ্ণ না করিয়া, ঐরূপ প্রনিয়মাবলী নিম্নলিখিত সকল বা যে কোন বিষয়ে ব্যবস্থা করিতে পারিবে, যথা :

(ক) ৮ ধারার (১) উপধারা অনুযায়ী পর্ষদের সভার সময় ও স্থান এবং ঐরূপ সভায় অনুসরণীয় (কার্যপরিচালনার জন্য আবশ্যক কোরাম সহ) প্রক্রিয়া ;

(খ) ১০ ধারার (১) উপধারা অনুযায়ী সচিবের ক্ষমতা ও কর্তব্যসমূহ;

(গ) ১০ ধারার (৪) উপধারা অনুযায়ী নিযুক্ত পরামর্শদাতাগণের শর্ত ও কড়ারসমূহ ;

(ঘ) ১১ ধারার (খ) প্রকরণের (iii) উপ-প্রকরণ অনুযায়ী রেজিস্ট্রিকরণ আবশ্যক এরূপ পেট্রোলিয়াম, পেট্রোলিয়ামজাত দ্রব্য বা প্রাকৃতিক গ্যাস ভাণ্ডারজাতকরণের ক্ষমতা;

(ঙ) সার্বজনীন বাহক বা সংবিদাবদ্ধ বাহকের জন্য অথবা নগর বা স্থানীয় প্রাকৃতিক গ্যাস বিতরণ পরিকাঠামোয় অবাধ অভিগম্যতা ও স্থানান্তরণ হার প্রনিয়ন্ত্রণ এবং ১১ ধারার (ঙ) প্রকরণে উল্লিখিত অন্যান্য বিষয় ;

(চ) ১১ ধারার (চ) প্রকরণের (ড) উপ - প্রকরণ অনুযায়ী সত্তাগণের জন্য বিপণন পরিষেবা দায়িতাসমূহ ও খুচরা বিক্রয়কেন্দ্রসমূহের জন্য খুচরা পরিষেবা দায়িতাসমূহ ;

(ছ) ১১ ধারার (ছ) প্রকরণ অনুযায়ী ফীসমূহ ও অন্য প্রভারসমূহ উদগ্রহণ ;

(জ) ১১ ধারার (ছ) প্রকরণ অনুযায়ী পেট্রোলিয়াম, পেট্রোলিয়ামজাত দ্রব্য ও প্রাকৃতিক গ্যাস সম্বন্ধীয় কার্যকলাপের নিরাপত্তাজনিত মানসমেত প্রাযুক্তিক মান ও বিনির্দিষ্টতা ;

(ছ) ১৩ ধারার (৩) উপধারা অনুযায়ী পর্ষদ, যে স্থানে উহার ব্যবসায় পরিচালনা করিবেন সেই স্থান সমেত পর্ষদ কর্তৃক অনুসরণীয় প্রক্রিয়া ;

(ঞ) ১৪ ধারার (১) উপধারা অনুযায়ী পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস রেজিস্টার রক্ষণের প্রণালী ;

(ট) ১৪ ধারার (৪) উপধারা অনুযায়ী রেজিস্টারে কোন প্রবিষ্টির শংসিত প্রতিলিপি প্রাপ্ত হইবার জন্য আবেদন করিবার ফরম ও প্রণালী এবং ঐরূপ আবেদনের সহিত যে ফি প্রদান করিতে হইবে;

(ঠ) ১৫ ধারার (১) উপধারা অনুযায়ী আবেদন যে ফরমে ও প্রণালীতে করিতে হইবে এবং ১৫ ধারার (২) উপধারা অনুযায়ী ঐরূপ আবেদনের সহিত যে ফি প্রদান করিতে হইবে;

(ড) ১৫ ধারার (৪) উপধারা অনুযায়ী যে প্রণালীতে ১৫ ধারার (৩) উপধারা অনুযায়ী মঞ্জুরিত কোন রেজিস্ট্রিকরণ শংসাপত্র নিলম্বিত বা বাতিল করা হইবে;

(ঢ) ১৭ ধারার (১) উপধারা বা (২) উপধারা অনুযায়ী যে ফরমে বা প্রণালীতে আবেদন করিতে হইবে এবং ১৭ ধারার (৩) উপধারা অনুযায়ী ঐরূপ আবেদনের সহিত যে ফি প্রদান করিতে হইবে ;

(ণ) ১৮ ধারা অনুযায়ী যে ফরমে ও প্রণালীতে রেজিস্ট্রিকরণের আবেদন গৃহীত হইবার প্রচার করিতে হইবে;

(ত) ১৯ ধারার (২) উপধারা অনুযায়ী কোন সত্তার মনোনয়নের প্রণালী ;

(থ) ২০ ধারার (৮) উপধারা অনুযায়ী যে বৎসরসমূহের জন্য কোন নগর বা স্থানীয় প্রাকৃতিক গ্যাস বিতরণ পরিকাঠামো সার্বজনীন বাহক বা সংবিদাবদ্ধ বাহকের আওতা হইতে বাদ যাইবে তাহা নির্ধারণের নীতি;

(দ) ২০ ধারার (৫) উপধারা অনুযায়ী কোন নগর বা স্থানীয় গ্যাস বিতরণ পরিকাঠামো স্থাপন নির্মাণ, চালনা বা সম্প্রসারণের জন্য ঘোষণা বা প্রাধিকৃত করিবার জন্য কোন সাধারণ বাহক বা সংবিদাবদ্ধ বাহক স্থাপন, নির্মাণ, চালনা বা সম্প্রসারণ করিবার জন্য ঘোষণা বা প্রাধিকৃত করিতে পর্যদ কর্তৃক অনুসরণীয় নির্দেশক নীতি ও লক্ষ্যসমূহ ;

(ধ) ২১ ধারার (১) উপধারার অনুবিধি অনুযায়ী যে সম্বদ্ধ আচরণ বিধি সত্তাগণের পালন করা আবশ্যক।

(ন) ২২ ধারার (১) উপধারা অনুযায়ী সার্বজনীন বাহক বা সংবিদাবদ্ধ বাহক অথবা নগর বা স্থানীয় প্রাকৃতিক গ্যাস বিতরণ পরিকাঠামোর জন্য পরিবহন মাশুল সমেত এবং উক্ত মাশুলসমূহ নির্ধারণের প্রণালী ;

(প) ২৫ ধারার (২) উপধারা অনুযায়ী যে ফরমে অভিযোগ করা যাইবে এবং ঐরূপ অভিযোগের সহিত যে ফি প্রদান করিতে হইবে;

(ফ) ২৬ ধারার (১) উপধারা অনুযায়ী তদন্তকারী আধিকারিক কর্তৃক তদন্ত পরিচালনার প্রণালী ;

(ব) ২৬ ধারার (২) উপধারা অনুযায়ী তদন্তকারী আধিকারিকরূপে নিযুক্তির জন্য কোন ব্যক্তির যে শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা থাকিতে হইবে;

(ভ) ৫১ ধারার (১) উপধারা অনুযায়ী পর্যদ কর্তৃক উপাত্তভাণ্ডার ও তথ্যব্যবস্থা রক্ষণের ফরম ও প্রণালী ;

(ম) ৫২ ধারার (১) উপধারার (ঘ) প্রকরণের অনুযায়ী কোন সত্তা কর্তৃক

দস্তাবেজস্বরূপ অভিলেখ রক্ষণাবেক্ষণ ;

(য) ৫২ ধারার (১) উপধারার (ঘ) প্রকরণের (ii) উপ - প্রকরণ অনুযায়ী অন্য কোন প্রকারের দস্তাবেজ যাহা পর্ষদের অধীনে রেজিস্ট্রিকৃত হইবে।

(যক) প্রনিয়মাবলীর দ্বারা বিনির্দিষ্ট করা আবশ্যক বা করা যাইবে অথবা যৎসম্পর্কে প্রনিয়মাবলীর দ্বারা ব্যবস্থা করিতে হইবে বা করা যাইবে এরূপ অন্য কোন বিষয়।

নিয়মাবলী ও প্রনিয়মাবলী সংসদের সমক্ষে স্থাপন করিতে হইবে।

৬২। কেন্দ্রীয় সরকার কর্তৃক প্রণীত প্রত্যেক নিয়ম এবং এই আইন অনুযায়ী পর্ষদ কর্তৃক প্রণীত প্রত্যেক প্রনিয়ম, প্রণীত হইবার পর যথাসম্ভব শীঘ্র, সংসদের প্রত্যেক সদনের সমক্ষে, উহার সত্র চলিতে থাকাকালে; মোট ত্রিশ দিন সময়সীমার জন্য স্থাপিত হইবে, যে সময়সীমা এক সত্রের অথবা দুই আনুক্রমিক সত্রের অন্তর্ভুক্ত, হইতে পারে, এবং যদি, উক্ত সত্রের অব্যবহিত পরবর্তী সত্রের বা যথাপূর্বোক্ত পরবর্তী সত্রসমূহের অবসানের পূর্বে উভয় সদন ঐ নিয়মের বা প্রনিয়মের কোন সংপরিবর্তন করিতে একমত হন, অথবা উভয় সদন একমত হন যে ঐ নিয়ম বা প্রনিয়ম প্রণীত হওয়া উচিত নহে, তাহাহইলে, তৎপরে ঐ নিয়ম বা প্রনিয়ম, ক্ষেত্রানুযায়ী, কেবল ঐরূপ সংপরিবর্তিত আকারে কার্যকর হইবে বা আদৌ কার্যকর হইবে না, তবে এরূপভাবে যে, ঐরূপ কোন সংপরিবর্তন বা রদকরণ ঐ নিয়ম বা প্রনিয়ম অনুযায়ী পূর্বে কৃত কোন কিছুরই বৈধতা ক্ষুণ্ণ করিবে না।

অবস্থান্তরকালীন ব্যবস্থা।

৬৩।(১) যেক্ষেত্রে এই আইন প্রারম্ভের পূর্বে, তৈল কোম্পানিসমূহের মধ্যে পেট্রোলিয়ামজাত দ্রব্যের অংশভাগ বা পরিকাঠামোগত সুবিধার অংশভাগের উদ্দেশ্যে একটির তৈল কোম্পানির সহিত অন্য আর একটি চুক্তি বা চুক্তিসমূহ সম্পাদিত হইয়াছে, এবং ঐরূপ চুক্তিসমূহ কেন্দ্রীয় সরকার কর্তৃক অনুমোদিত হইয়াছে সেক্ষেত্রে, পর্ষদ অবস্থান্তরকালীন সময়সীমার জন্য ঐরূপ চুক্তিসমূহের রূপায়ণে নজরদারি করিতে পারিবেন।

(২) পর্ষদ বিদ্যমান সত্তাগণের খুচরা পরিকাঠামোর মধ্যে অনধিকার প্রবেশ না করিয়া সত্তাগণ কর্তৃক, অবস্থান্তরকালে মোটর স্পিরিট, হাই স্পিড ডিজেল, সুপিরিয়র কেরোসিন তেল, তরলায়িত পেট্রোলিয়াম গ্যাস ও প্রাকৃতিক গ্যাসের জন্য সি.এন.জি স্টেশনসমূহের ডিলারশিপ ও পরিবেশকারী স্থাপনে নজরদারি করিবেন।

ব্যাখ্যা ১। — এই ধারার প্রয়োজনে, ''অবস্থান্তরকালীন সময়সীমা'' বলিতে, এই আইনের প্রারম্ভের তারিখ হইতে তিন বৎসরের কোন সময়সীমা বুঝাইবে।

ব্যাখ্যা ২। — এই ধারার প্রয়োজনে, ''পরিকাঠামো সুবিধাসমূহ'' বলিতে হাইড্রান্ট লাইনসমূহ সমেত বন্দরসমূহ, সংশোধনাগারসমূহ, টার্মিনালসমূহ, ডিপোসমূহ ও বিমানে জ্বালানি ভরিবার কেন্দ্রসমূহে সুবিধাসমূহ বুঝাইবে এবং বোঝাই ও খালাসের সুবিধাসমূহ অন্তর্ভুক্ত করিবে।

ব্যাখ্যা ৩। — এই ধারার প্রয়োজনে, ''অনধিকার প্রবেশ'' বলিতে সত্তার খুচরা বিক্রয়কেন্দ্র অন্য একজন কর্তৃক অধিগ্রহণকে অন্তর্ভুক্ত করিবে।